# চতুর্থ অধ্যায়

# আখলাক




### শিৰার্থীরা যা জানবে–

- আখলাকের ধারণা
- ইসলামের দৃষ্টিতে সদাচরণের ধারণা ও এর গুরবত্ব
- কতিপয় অসদাচরণের ধারণা এবং এগুলো পরিহারের উপায়
- বাস্তবজীবনে সদাচরণে আগ্রহী হওয়া, অসদাচরণ থেকে নিজেকে বিরত রাখা
- ধূমপান ও মাদকাসক্তির ধারণা ও কুফল
- ধূমপান ও মাদকাসক্তিজনিত সামাজিক ৰতি এবং স্বাস্থ্যঝুঁকি এড়িয়ে চলার উপায়

## ভূমিকা

মানুষের দৈনন্দিন কাজকর্মের মাধ্যমে যেসব আচার–ব্যবহার, চাল–চলন এবং স্বভাবের প্রকাশ ঘটে, সেসবের সমষ্টিই আখলাক। আখলাক কখনো প্রশংসনীয় আবার কখনো নিন্দনীয় হয়। প্রশংসনীয় আচরণকে আখলাকে হামিদাহ বলে। আখলাকে হামিদাহর উদাহরণ হলো– সত্যবাদিতা, পিতামাতা, আত্মীয়স্বজন ও প্রতিবেশীদের কর্তব্য যথাযথভাবে পালন করা। তাছাড়া বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহ এবং সহপাঠীদের সাথে সদ্ব্যবহার করাও আখলাকে হামিদাহর উদাহরণ। আর নিন্দনীয় আচরণকে আখলাকে যামিমাহ বলে। আখলাকে যামিমাহর উদাহরণ হলো– মিথ্যা বলা, পরনিন্দা করা, আমানতের খিয়ানত করা, গালি দেওয়া, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা, ধূপমান ও মাদকাসক্তি ইত্যাদি। প্রতিটি মানুষের আখলাকে হামিদাহ অর্জন ও আখলাকে যামিমাহ বর্জন করা উচিত।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ শূন্যস্থান পূরণ কর

১. মহান আল্লাহ মানুষকে অসংখ্য —— দান করেছেন।
২. —— সাথে সম্পর্কিত ব্যক্তিকে আত্মীয় বলে।
৩. মিথ্যা থেকে —— কাজের সূচনা হয়।
৪. গিবতের মাধ্যমে মানুষের মাঝে —— ও —— সৃষ্টি হয়।
৫. মুখে দুর্গন্ধ থাকলে —— অন্য নামাযির কষ্ট হয়।

**উত্তর :** ১. নিয়ামত ; ২. আত্মার; ৩. খারাপ; ৪. বিশৃঙ্খলা নৈরাজ্য; ৫. মসজিদে।

### ■ বাম পাশ থেকে শব্দ বা বাক্যাংশ নিয়ে ডান পাশের সাথে মিল কর

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. যে সত্য কথা বলে | সন্তানের জন্য ওয়াজিব বা কর্তব্য |
| ২. পিতামাতার আদেশ নির্দেশ পালন করা | প্রতিবেশী |
| ৩. যে ব্যক্তি কামনা করে যে তার জীবন ও আয়ু বৃদ্ধি পাক | নিন্দনীয় কাজ |
| ৪. সামনে পেছনে ডানে বামে চল্লিশ ঘর পর্যন্ত | সে যেন আত্মীয়দের সাথে সুন্দর আচরণ করে |
| ৫. গিবত একটি | তাকে সবাই ভালোবাসে ও সম্মান করে। |

**উত্তর :**

১. যে সত্য কথা বলে **তাকে সবাই ভালোবাসে ও সম্মান করে।**
২. পিতামাতার আদেশ নির্দেশ পালন করা **সন্তানের জন্য ওয়াজিব বা কর্তব্য।**
৩. যে ব্যক্তি কামনা করে যে তার জীবন ও আয়ু বৃদ্ধি পাক **সে যেন আত্মীয়দের সাথে সুন্দর আচরণ করে।**
৪. সামনে পেছনে ডানে বামে চল্লিশ ঘর পর্যন্ত **প্রতিবেশী।**
৫. গিবত একটি **নিন্দনীয় কাজ।**

### ■ সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আখলাক বলতে কী বুঝ?**

**উত্তর :** আখলাক আরবি শব্দ। এর অর্থ চরিত্র, স্বভাব, আচার–আচরণ, ব্যবহার ইত্যাদি। মানুষের দৈনন্দিন কাজকর্মের মাধ্যমে যেসব আচার–ব্যবহার, চালচলন এবং স্বভাবের প্রকাশ পায় সেসবের সমষ্টিই হলো আখলাক।

**প্রশ্ন ॥ ২ ॥ গিবত নিন্দনীয় কাজ কেন?**

**উত্তর :** গিবতের মাধ্যমে মানুষে মানুষে ঘৃণা ও শত্রবতা সৃষ্টি হয়। এর মাধ্যমে সমাজজীবনে ঝগড়া–ফাসাদসহ নানা অশান্তি সৃষ্টি হয় বিধায় গিবত নিন্দনীয় কাজ। আর গিবত হলো কারও অগোচরে তার এমন দোষত্রুটি অন্যের কাছে প্রকাশ করা, যা শুনতে পেলে সে মনে কষ্ট পায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ আত্মীয়স্বজনের অধিকার বলতে কী বোঝায়?**

**উত্তর :** আত্মীয় শব্দটি এসেছে আত্মা থেকে। আত্মার সাথে সম্পর্কিত ব্যক্তিকে আত্মীয় বলে। যাদের সাথে জীবনের ঘনিষ্ঠতা গড়ে উঠেছে তারাই আত্মীয়। ইসলামি সমাজে পিতামাতার ন্যায় আত্মীয়স্বজনের প্রতিও আমাদের অনেক দায়িত্ব ও কর্তব্য আছে। যেমন : বড়দের শ্রদ্ধা করা, ছোটদের আদর করা, গরিব হলে অর্থ দ্বারা সাহায্য করা, অসুস্থ হলে চিকিৎসার ব্যবস্থা করা, বিপদ আপদে খোঁজ খবর নেওয়া, অন্যায় কাজ করলে তা থেকে বিরত রাখা ইত্যাদি। এগুলোকেই আত্মীয়স্বজনের অধিকার বলে।

### ■ বর্ণনামূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সত্যবাদিতার একটি বাস্তব ঘটনা বর্ণনা কর।**

**উত্তর :** আমাদের বড়পীর হযরত আব্দুল কাদির জিলানী (রা.)–এর জীবনে সত্যবাদিতা সম্পর্কে একটি বাস্তব উদাহরণ পাওয়া যায়। শিৰা গ্রহণের জন্য তিনি বাগদাদ রওনা হলেন। গমনের সময় মা তাঁকে সর্বদা সত্য কথা বলার আদেশ করেন। পথিমধ্যে একদল ডাকাত তাঁদের কাফেলার উপর হামলা করে। তলরাশির সময় বালক আব্দুল কাদিরকে জিজ্ঞাসা করল যে, হে বালক, তোমার কাছে কিছু আছে কি? তখন তিনি ৪০টি স্বর্ণমুদ্রা তাঁর কাছে আছে বলে জানালেন। তিনি ডাকাতদের তা বের করে দেখালেন। তিনি বললেন, আপনারা জিজ্ঞেস করায় আমি সত্য

কথা বলে দিয়েছি। ডাকাতরা এতে নিজেদের পাপকর্ম সম্পর্কে অনুশোচনা করল এবং সৎ পথে চলার প্রতিজ্ঞা করল। এভাবেই সত্যবাদিতা মানুষকে মুক্তি ও কল্যাণের পথ দেখায়।

**প্রশ্ন ॥ ২ ॥ পিতামাতার অধিকারের উপর একটি নাতিদীর্ঘ রচনা লেখ।**

**উত্তর :** পিতামাতা আমাদের সবার শ্রদ্ধার পাত্র। দুনিয়ার বুকে পিতামাতার চেয়ে আপনজন আর কেউ নেই। মহান আল্লাহ তাঁর ইবাদতের পাশাপাশি পিতামাতার প্রতি দায়িত্ব ও কর্তব্য পালনের কথা বলেছেন।

**পিতামাতার প্রতি আমাদের দায়িত্ব ও কর্তব্য :** এ পৃথিবীতে মানুষের জীবনে যতগুলো মৌলিক কর্তব্য রয়েছে, পিতামাতার সেবা তার অন্যতম। আলাহ্ ও তাঁর রাসুলের পরই পিতামাতা হলেন মানুষের আপনজন, পরম শ্রদ্ধার পাত্র। পিতামাতার সেবা করার ব্যাপারে কুরআনে অনেক বক্তব্য এসেছে। কুরআনে এসেছে– "পিতামাতার সাথে উত্তম আচরণ কর।" প্রিয়নবি (স.) বলেছেন, "পিতামাতার সন্তুষ্টির মধ্যে আল্লাহর সন্তুষ্টি নিহিত।" তাই পিতামাতার প্রতি দায়িত্ব ও কর্তব্যগুলো যথাযথভাবে পালন করতে হবে। তাদের সাথে সদ্ব্যবহার করা, হৃদয়ে আঘাত না দেওয়া, সুখ-শান্তির প্রতি দৃষ্টি রাখা, সর্বদা বাধ্য থাকা, উত্তম সঙ্গ দান করা আমাদের কর্তব্য। আর তাঁদের জন্য সর্বদা আলৱাহর নিকট আমাদের এভাবে দোয়া করতে হবে যে, "হে আমার প্রতিপালক, তুমি আমার পিতামাতার প্রতি তেমনি সদয় হও, যেমনিভাবে তাঁরা আমাকে শৈশবে যত্নে লালনপালন করেছেন।"

**প্রশ্ন ॥ ৩ ॥ ধূমপান ও মাদকাসক্তির কুফল বর্ণনা কর।**

**উত্তর : ধূমপান ও মাদকাসক্তির কুফল :** ধূমপান ও মাদকাসক্তি মানুষের জীবনে খুবই ৰতি সাধন করে। ধূমপানকারীকে সবাই অপছন্দ করে। ধূমপায়ীর মুখের দুর্গন্ধে মুসলিরদের ইবাদতের বিঘ্ন সৃষ্টি হয়। মহানবি (স.) বলেছেন, "যে ব্যক্তি দুর্গন্ধময় দ্রব্য খায় সে যেন মসজিদের নিকটবর্তী না হয়।" তাছাড়াও ধূমপানের ফলে শরীরে নানারকমের অসুবিধা সৃষ্টি হয়। যেমন : নিউমোনিয়া, শ্বাসকষ্ট, ব্রংকাইটিস, যক্ষ্মা, ফুসফুসের ক্যান্সার, গ্যাস্ট্রিক, আলসার, ক্ষুধামন্দা, হৃদরোগ ইত্যাদি। মাদক দ্রব্যের কুফল মানবজীবনে বিপজ্জনক। এ নেশার ফলে মানুষ চুরি, ডাকাতি, ছিনতাই, মারামারি, হত্যাসহ নানা প্রকার সামাজিক অপরাধে জড়িয়ে পড়ে। এছাড়াও মাদকাসক্ত ব্যক্তি অপুষ্টি, রৰচিহীনতা, শারীরিক শীর্ণতা, লিভার ও কিডনি নষ্ট, ওজন কমে যাওয়া, শ্বাসনালির ৰতি প্রভৃতি সমস্যায় ভোগে। কফ, কাশি, যক্ষ্মা রোগে দ্রবত আক্রান্ত হয়। মাদক তাদেরকে আলৱাহর স্মরণ থেকে দূরে রাখে, আর তাই পরকালেও মহাশাস্তি তাদেরকে স্পর্শ করবে। নবি করিম (স.) বলেছেন, 'মাদকাসক্ত ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না।'

## ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **'সিদ্‌ক' শব্দের অর্থ কী?**
ⓚ সাধুতা ● সত্যবাদিতা ⓖ মুক্তি ⓘ চরিত্র

২. **'আখলাকে যামিমাহ' হচ্ছে–**
i. বড়দের শ্রদ্ধা করা
ii. কথা দিয়ে না রাখা
iii. কারো অনুপস্থিতিতে সমালোচনা করা
**কোনটি সঠিক?**
ⓚ i, ii ⓛ i, iii ● ii, iii ⓘ i, ii ও iii

৩. **সকল পাপের মূল কী?**
● মিথ্যা ⓛ ধোঁকা ⓖ প্রতারণা ⓘ গিবত

৪. **আখলাক কত প্রকার?**
● দুই ⓛ তিন ⓖ চার ⓘ পাঁচ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
নাবিল ও জামিল সহপাঠী। জামিল অন্য সহপাঠীর মাধ্যমে জানতে পারল, নাবিল তার ঘড়িটি নিয়ে গেছে। নাবিলকে বিষয়টি জিজ্ঞেস করলে সে অস্বীকার করল।

৫. **নাবিলের কাজটি কীসের অন্তর্ভুক্ত?**
ⓚ ধ্বংসের ⓛ মিথ্যার ⓖ গিবতের ● চুরির

৬. **নাবিল পরকালে লাভ করবে–**
i. জান্নাত ii. আরাফ iii. জাহান্নাম
**কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ● iii ⓘ i, ii, iii

## ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** আত্মীয়স্বজনের প্রতি কর্তব্য

রাশেদের খালাতো ভাই মুরশেদ ও পাশের বাসার মাহমুদ ঢাকায় একই বাসায় থেকে ব্যবসা করেন। রাশেদের মা অসুস্থ হয়ে ঢাকা মেডিকেল হাসপাতালে ভর্তি হলো। অন্য লোকের সাহায্য-সহযোগিতা পাওয়া গেলেও মুরশেদ ও মাহমুদ কোনো খোঁজখবর নেয়নি।

ক. 'আখলাকে হামিদাহ' অর্থ কী?
খ. প্রতিবেশীর অধিকার বলতে কী বোঝায়?
গ. মুরশেদের আচরণে কার অধিকার পালন হয়নি? ব্যাখ্যা কর।
ঘ. মুরশেদের আচরণের পরিণতি ইসলামের দৃষ্টিতে আলোচনা কর।

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** আখলাকে হামিদাহ অর্থ প্রশংসিত চরিত্র, উত্তম চরিত্র।

**খ** প্রতিবেশীর সাথে সদ্ব্যবহার ও সুন্দর আচরণ করাই হলো প্রতিবেশীর অধিকার। প্রতিবেশীদের মধ্যে যারা দরিদ্র ও অভাবী তাদের যথাসাধ্য ধনসম্পদ দ্বারা সাহায্য করতে হবে, বিপদে আপদে তাদের খোঁজখবর নিতে হবে। অসুস্থ বা রোগাক্রান্ত হলে তাদের সেবাযত্ন করতে হবে এসবই প্রতিবেশীর অধিকার।

**গ** মুরশেদের আচরণে আত্মীয়স্বজনের অধিকার পালিত হয়নি। মহান আল্লাহ রাব্বুল আলামিন পবিত্র কুরআনের অসংখ্য জায়গায় আত্মীয়স্বজনের প্রতি কর্তব্য পালন ও তাদের সাথে সদ্ব্যবহারের নির্দেশ দিয়েছেন। পবিত্র কুরআনের সূরা আন-নিসার ৩৬নং আয়াতে আলৱাহ বলেন, 'পিতামাতার সাথে সদ্ব্যবহার করবে এবং নিকট আত্মীয়দের সাথেও উত্তম আচরণ প্রদর্শন করবে।' উদ্দীপকের রাশেদের মা অসুস্থ হয়ে চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়। আর রাশেদের খালাতো ভাই মুরশেদ ঢাকায় একটি বাসায় থেকে ব্যবসা করে। এমতাবস্থায় মুরশেদের উচিত ছিল, হাসপাতালে গিয়ে তার খালার সাথে দেখা সাক্ষাৎ করা, খোঁজখবর নেওয়া এবং সাধ্যানুযায়ী আর্থিক সহযোগিতা করা। অথচ মুরশেদ এগুলোর কোনোটিই করেনি। সুতরাং বলা যায়, মুরশেদের আচরণে আত্মীয়স্বজনের অধিকার পালিত হয়নি।

**ঘ** মুরশেদের আচরণের পরিণতি অত্যন্ত ভয়াবহ। আত্মীয়স্বজনের সাথে সম্পর্ক ছিন্নকারী ব্যক্তি সমাজে ঘৃণিত ও নিন্দিত। আল্লাহ তা'য়ালা আত্মীয়ের সাথে ভালো ব্যবহার করা এবং সম্পর্ক ছিন্ন না করার নির্দেশ দিয়েছেন। আল্লাহ তা'য়ালা বলেছেন, "পিতামাতা ও আত্মীয়স্বজনের সাথে ভালো ব্যবহার কর।" মহানবি (স.) আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার অশুভ পরিণাম সম্পর্কে বলেন, "আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না।" আত্মীয়ের সাথে সম্পর্ক ছিন্ন করলে অশান্তি নেমে আসে। সম্পর্ক ছিন্নকারী সমাজে অপদস্থ ও লাঞ্ছিত হয়। সর্বোপরি তার জন্য রয়েছে পরকালের কঠোর শাস্তি। উদ্দীপকের মুরশেদের আপন খালা অসুস্থ হয়ে মেডিকেলে চিকিৎসাধীন থাকলেও সে কোনো খোঁজখবর নেয়নি, সহযোগিতায় এগিয়ে আসেনি। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায় যে, মুরশেদের আচরণের পরিণতি অত্যন্ত ভয়াবহ।

**প্রশ্ন– ২ ▶▶** পিতামাতার প্রতি কর্তব্য




উপরোক্ত বয়স্ক পুনর্বাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা বলেন, "বৃদ্ধাশ্রমে আশ্রিত অসহায় বয়স্ক মানুষদের কয়েকজনের মৃত্যুর খবর তাঁর সন্তানদের জানালেও তারা মা–বাবার মুখটা পর্যন্ত দেখতে আসেনি"।

*সূত্র : দৈনিক কালের কণ্ঠ, ১৩ জুন ২০১২*

ক. আখলাক শব্দের অর্থ কী?
খ. 'সত্য মানুষকে মুক্তি দেয়' কথাটি বুঝিয়ে লেখ।
গ. উপরোক্ত বয়স্কদের প্রতি সন্তানদের আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে বর্ণিত বয়স্কদের প্রতি তাদের সন্তানদের আচরণের পরিণতি ইসলামের আলোকে বিশেৰষণ কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** আখলাক শব্দের অর্থ চরিত্র, স্বভাব, আচার–আচরণ, ব্যবহার ইত্যাদি।

**খ** সত্য মানুষকে মুক্তি দেয়। কেননা সত্যবাদিতা মানুষের সবচেয়ে ভালো গুণ। সত্যবাদীকে সবাই বিশ্বাস করে, ভালোবাসে ও সম্মান করে। সত্যবাদী ব্যক্তি দুনিয়াতে মান–সম্মানের অধিকারী হন। অনুরূ প পরকালেও তিনি অনাবিল সুখশান্তির অধিকারী হবেন। সত্য বলার কারণেই হযরত আব্দুল কাদির জিলানি (রা.)কে ছেড়ে দিয়ে আক্রমণকারী ডাকাতদল ভালো হয়ে গিয়েছিল। তাই বলা হয়, সত্য মানুষকে মুক্তি দেয়।

**গ** উপরোক্ত বয়স্কদের প্রতি সন্তানদের আচরণে পিতামাতার প্রতি অবাধ্যতা প্রকাশ পেয়েছে। পিতামাতার অবাধ্যতা বলতে আমরা বুঝি, তাদের শ্রদ্ধা ও সম্মান না করা। পিতামাতার কথামতো না চলা, তাদের নির্দেশ অমান্য করা। উদ্দীপকের চিত্র ও সংবাদসূত্রে স্পষ্ট যে, বৃদ্ধাশ্রমে আশ্রিত অসহায় বয়স্ক পিতামাতাকে তাদের সন্তানরা দেখাশোনা করত না, তাদের খোঁজখবর নিত না। এমনকি পিতামাতার মৃত্যুর সংবাদ তাদের নিকট পৌছলেও তারা মৃত পিতামাতার মুখটা পর্যন্ত দেখতে আসেনি। এটা খুবই নির্মম ও করুণ। এভাবে উপরোক্ত বয়স্কদের প্রতি তাদের সন্তানদের অবাধ্যতা প্রকাশ পেয়েছে।

**ঘ** উদ্দীপকে বর্ণিত বয়স্কদের প্রতি তাদের সন্তানদের আচরণের পরিণতি অত্যন্ত ভয়াবহ। কারণ শিরকের পর সবচেয়ে বড় গুনাহ পিতামাতার অবাধ্য হওয়া। পিতামাতার অবাধ্য হওয়ার পরিণতি এতই ভয়াবহ যে, স্বয়ং আল্লাহ তা'য়ালা তাকে ক্ষমা করবেন না। রাসুল (স.) বলেন, মহান আল্লাহ তা'য়ালা তার ইচ্ছা অনুযায়ী সকল পাপ ক্ষমা করে দেন। কিন্তু পিতামাতার অবাধ্যতার পাপ তিনি ক্ষমা করেন না। পিতার অবাধ্য হওয়া সম্পর্কে রাসুল (স.) এরশাদ করেন, পিতা সন্তানের প্রতি অসন্তুষ্ট হলে আল্লাহ তা'য়ালাও তার ওপর অসন্তুষ্ট হন। মাতার অবাধ্য হওয়া সম্পর্কে রাসুল (স.) এরশাদ করেন, মাতার অবাধ্য হওয়াকে আল্লাহ তা'য়ালা হারাম ঘোষণা করেছেন। পিতামাতার অবাধ্য হলে পরকালে জাহান্নামের কঠিন আগুনে জ্বলতে হবে। রাসুল (স.) বলেন, "পিতামাতাই সন্তানের বেহেশত ও দোযখ।" সুতরাং উদ্দীপকে বর্ণিত বয়স্কদের প্রতি সন্তানদের আচরণের পরিণতি ইসলামের দৃষ্টিতে অত্যন্ত ভয়াবহ।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ : আখলাকে হামিদাহ** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৭৯

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **পৃথিবীতে সৃষ্টির সেরা জীব কারা?** (জ্ঞান)
● মানুষ ⓦ ফেরেশতা ⓖ জিন ⓖ পশুপাখি

২. **কাদের চরিত্রে আখলাকে হামিদাহ লক্ষ করা যায়?** (উচ্চতর দৰতা)
ⓚ বান্দা ⓦ ফেরেশতা ● নবি–রাসুল ⓖ শয়তান

৩. **কে আমাদের অসংখ্য নিয়ামত দান করেছেন?** (জ্ঞান)
ⓚ নবি–রাসুল ⓦ জিন ● আলাহ ⓖ ফেরেশতা

৪. **সচ্চরিত্র শিক্ষার জন্য সর্বোত্তম আদর্শ কে?** (জ্ঞান)
ⓚ হযরত আদম (আ.) ⓦ ফেরেশতা
● হযরত মুহাম্মদ (স.) ⓖ ইবলিস

৫. **কোন ব্যক্তি কিয়ামতের দিন আল্লাহর নিকট বেশি উত্তম হবে?** (জ্ঞান)
ⓚ আখলাকে যামিমা ● উত্তম চরিত্রবান
ⓖ অশীল চরিত্রবান ⓖ খারাপ চরিত্রবান

৬. **উত্তম চরিত্রের অধিকারী সকলের নিকট প্রিয় কেন?** (অনুধাবন)
● তিনি সদা সত্য বলেন ⓦ তিনি জুলুম করেন
ⓖ তিনি সদা মিথ্যা বলেন ⓖ তিনি প্রতারণা করেন

৭. **মহানবি (স.) এর চরিত্র আমাদের নিকট উত্তম কেন?**
[ইবনে তাইমিয়া স্কুল অ্যান্ড কলেজ, কুমিলৱা]
● সত্যবাদি বলে ⓦ বেশি খেতেন বলে
ⓖ বেশি অর্থ সংগ্রহ করতেন বলে ⓖ বেশি কথা বলতেন বলে

৮. **আখলাকে হামিদাহ বলতে কী বোঝায়?** (অনুধাবন)
● সচ্চরিত্র ⓦ দুশ্চরিত্র
ⓖ গিবত ⓖ নিয়ামত

৯. **আখলাকে হামিদাহ অর্জন করা প্রয়োজন কেন?** (অনুধাবন)
● আলরাহর সন্তুষ্টির জন্য ⓦ সুনামের জন্য
ⓖ সম্পদের জন্য ⓖ ভালো খাবারের জন্য

১০. **সুসম্পর্ক থাকলে জীবন কেমন হয়ে ওঠে?** (অনুধাবন)
ⓚ দুঃখময় ⓦ বিলাসবহুল ● মধুময় ⓖ ছন্দময়

১১. **জনাব নাঈম সবার সাথে সুসম্পর্ক ও সৌহার্দ্য ভাব বজায় রাখেন। তার চরিত্রে কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
● আখলাকে হামিদাহ ⓦ আখলাকে যামিমা
ⓖ আখলাকে উজমা ⓖ আখলাকে যারিয়াহ

১২. **মহান আলরাহ মানুষকে অসংখ্য নিয়ামত দান করেছেন। এগুলোর মধ্যে সর্বশ্রেষ্ঠ কোনটি?** (প্রয়োগ)
ⓚ পানি ● উত্তম চরিত্র ⓖ বাতাস ⓖ খাদ্য

১৩. **মানুষের দৈনন্দিন কাজকর্মের মাধ্যমে যেসব আচার–ব্যবহার, চালচলন এবং স্বভাবের সমষ্টি ঘটে সেগুলোকে কী বলে?** (প্রয়োগ)
ⓚ সৎ গুণ ⓦ খারাপ গুণ ● আখলাক | আখলাকে যামিমা

**১৪. জীবজন্তু, পশুপাখি, গাছপালা ও পরিবেশের সাথে ও সুন্দর আচরণ প্রয়োজন। এরূ প করার ফলে পরিবেশ কেমন থাকবে?** (উচ্চতর দৰতা)
● স্বাভাবিক ⓚ অস্বাভাবিক
ⓖ অসুন্দর ⓖ বিশৃঙ্খলা

**১৫. মিথ্যা, পরনিন্দা, আমানতের খিয়ানত, গালি দেওয়া ও আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করাই আখলাকে যামিমাহ। মানুষের এগুলো কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
● বর্জন ⓚ গ্রহণ
ⓖ এড়িয়ে যাওয়া ⓖ বেশি করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬. আখলাকে হামিদাহ লক্ষ করা যায়–** (উচ্চতর দৰতা)
i. নবি–রাসুলদের চরিত্রে
ii. সাহাবিদের চরিত্রে
iii. কাফিরদের চরিত্রে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৭. সুন্দর ব্যবহারের ফলে মানুষের সাথে মানুষের তৈরি হয়–** (উচ্চতর দৰতা)
i. বন্ধুত্ব ii. শত্রুতা
iii. সুসম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮. নিচের ছকটি যে বিষয়ের সাথে সম্পৃক্ত–** (প্রয়োগ)




i. আখলাকে হামিদাহ
ii. প্রশংসনীয় আচরণ
iii. আখলাকে যামিমাহ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৯. আখলাকে হামিদার গুরবত্ব বা তাৎপর্য হচ্ছে–** (উচ্চতর দৰতা)
i. পরকালীন মুক্তি
ii. জান্নাত লাভ
iii. দুনিয়ায় সম্মান লাভ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ প্রশ্নের উত্তর দাও :**
রায়হান ষষ্ঠ শ্রেণিতে পড়ে। সে সবার সাথে ভালো ব্যবহার করে। কেউ বিপদে পড়লে সাধ্যমতো তাকে সাহায্য করে। কখনো কাউকে গালি দেয় না।

**২০. রায়হানের অভ্যাসে কী প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ⓚ আখলাকে যামিমাহ ⓚ আখলাকে সায়্যিয়াহ
● আখলাকে হামিদাহ ⓖ আখলাকে দায়েমা

**২১. এরূ প আচরণের ফলে রায়হান লাভ করবে–** (উচ্চতর দৰতা)
i. সকলের ভালোবাসা ii. আলরাহর সন্তুষ্টি
iii. প্রচুর ধন–সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## ➲ পাঠ-২ : সত্যবাদিতা ➥ বোর্ড বই, পৃষ্ঠা ৮০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২২. সত্যবাদিতার পুরস্কার কী?** (জ্ঞান)
● জান্নাত ⓚ জাহান্নাম ⓖ দুনিয়া ⓖ টাকাপয়সা

**২৩. সত্যবাদীকে সবাই কী করে?** (জ্ঞান)
ⓚ ঘৃণা করে ● ভালোবাসে
ⓖ কুনজরে দেখে ⓖ হিংসা করে

**২৪. সিদকের অর্থ কী?** (জ্ঞান)
ⓚ বিশ্বাস ● সত্যবাদিতা ⓖ মিথ্যাবাদী ⓖ বার্তা

**২৫. মানবজীবনের মহৎ গুণ কোনটি?** (জ্ঞান)
ⓚ ভালোবাসা ● সততা
ⓖ মানুষের সেবা ⓖ পরনিন্দা

**২৬. সত্যবাদিতার একটি বাস্তব উদাহরণ কার নিকট পাওয়া যায়?** (জ্ঞান)
ⓚ আবু হানিফা (র.)–এর ⓚ বিলওয়াল–এর
● আব্দুল কাদের জিলানী (র.)–এর ⓖ হযরত ওসমান (রা.)–এর

**২৭. সত্যবাদিকে আরবিতে কী বলে?** (অনুধাবন)
● সাদিক ⓚ কাযিব
ⓖ সায়েম ⓖ সাহেদ

**২৮. বাল্যকাল থেকেই কে সত্য কথা বলতেন?** (জ্ঞান)
ⓚ হযরত আদম (আ.) ⓚ হযরত ইবরাহিম (আ.)
● মহানবি (স.) ⓖ ফেরেশতা

**২৯. কাকে আল–আমিন বলে সবাই ডাকত?** (জ্ঞান)
ⓚ হযরত ইবরাহিম (আ.) কে ⓚ ফেরেশতাকে
ⓖ হযরত আদম (আ.) কে ● মহানবি (স.) কে

**৩০. আব্দুল কাদের জিলানীর মা আস্তিনের মধ্যে স্বর্ণমুদ্রা সেলাই করে দিলেন কেন?** (অনুধাবন)
● পথ খরচের জন্য ⓚ হারিয়ে যাওয়ার ভয়ে
ⓖ এটি মায়ের অভ্যাস ছিল ⓖ মা ছেলেকে ভালোবাসতেন

**৩১. কাফিররা মহানবি (স.) কে আল–আমিন বলত কেন?** (অনুধাবন)
● সত্যবাদিতার কারণে ⓚ সম্পদ বেশি হওয়ার কারণে
ⓖ সবাই তাকে ভয় করার কারণে ⓖ নবি হওয়ার কারণে

**৩২. বালক আব্দুল কাদের সত্য কথা বলল কেন?** (অনুধাবন)
● মায়ের আদেশ ছিল ⓚ ডাকাতের ভয়ে
ⓖ বেশি সাহস হওয়ার কারণে ⓖ বোনের নিষেধ ছিল

**৩৩. ডাকাতরা আব্দুল কাদেরকে ছেড়ে দিল কেন?** (অনুধাবন)
ⓚ বিশ্বাসের জন্য ⓚ ভয়ের জন্য
● সততার জন্য ⓖ বয়স কম সেজন্য

**৩৪. মেহরীন তার বান্ধবী মেহবুবার কাছে একটা বিষয় সম্পর্কে জানতে চাইলে সে সরাসরি 'জানি না' বলে দিল। অথচ বিষয়টি সে জানে। মেহবুবার কাজটি কীসের পরিপন্থী?** [যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ মিথ্যার ● সত্যবাদিতার
ⓖ আখলাকের ⓖ নিফাকে

**৩৫. রফিক যাবতীয় অন্যায় থেকে মুক্ত হয়ে পুণ্যের পথে চলতে চায়। এজন্য তাকে সর্বাগ্রে কী করতে হবে?** (প্রয়োগ)
ⓚ সত্যবাদিতা পরিহার করতে হবে ● মিথ্যা পরিহার করতে হবে
ⓖ প্রতারণা পরিহার করতে হবে ⓖ পরনিন্দা ছাড়তে হবে

**৩৬. "তোমাদের অবশ্যই সত্যবাদী হওয়া উচিত"– কথাটিতে কী ফুটে উঠেছে?** (প্রয়োগ)
ⓚ সাহাবি (রা.)–এর উপদেশ ⓚ আবু হানিফা (র.)–এর উপদেশ
● মহানবি (স.)–এর উপদেশ ⓖ আল্লাহ তায়ালা এর উপদেশ


**৩৭. 'সত্য মানুষকে মুক্তি দেয়'–এ ব্যাপারে আমাদের কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
ⓚ সত্য ছেড়ে দেয়া ⓚ মিথ্যা বলা
● সত্য বলা ⓖ মিথ্যা সাৰ্য দেয়া

**৩৮. "এইতো সেদিন যেদিন সত্যবাদীগণ তাদের সততার জন্য উপকৃত হবে। তাদের জন্য রয়েছে জান্নাত। যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত। তারা সেখানে চিরস্থায়ী হবে।" আয়তটিতে কোন বিষয়ের ইঙ্গিত রয়েছে?** (উচ্চতর দৰতা)
ⓚ শাস্তি ⓚ সম্পদ ● শান্তি ⓖ স্ত্রী

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৯. 'আস্‌সিদকু' বলতে বোঝায়–** (অনুধাবন)
i. সত্য কথা বলা
ii. সত্যবাদিতা
iii. সততা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**৪০. নিচের ছকটি যে বিষয়ের সাথে সম্পৃক্ত–** (প্রয়োগ)




i. সত্যবাদিতা
ii. সাদিক
iii. কাবিব
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৪১. সত্য বলার কারণে সত্যবাদীকে আলল্গাহ ভালোবাসেন। ফলে সবাই তাকে–** (উচ্চতর দৰতা)
i. ভালোবাসে
ii. বিশ্বাস করে
iii. শাস্তি দেয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও :**
আবির ষষ্ঠ শ্রেণিতে পড়ে। তাদের বাসায় একদিন ডাকাত দল আসল। ডাকাতরা সবকিছু নেওয়ার পর তার আম্মুকে জিজ্ঞাসা করল আর কিছু আছে নাকি? তার আম্মু বলল, এই বাক্সের ভিতর তার কিছু গহনা আছে।
[ক্যামব্রিয়ান স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

**৪২. আবিরের আম্মুর কথায় কী প্রকাশ পেয়েছে?**
ক ন্যায়পরায়ণতা  ● সত্যবাদিতা
গ আমানতদারি  ঘ সাহসিকতা

**৪৩. আবিরের আম্মুর সত্য বলার ফলে –**
i. ডাকাতরা চলে যাবে
ii. সাওয়াব হবে
iii. আল্লাহ খুশি হবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

### ➲ পাঠ-৩ : পিতা-মাতার প্রতি কর্তব্য ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৪. দুনিয়াতে আমাদের সবচেয়ে আপনজন কে?** (জ্ঞান)
ক ভাইবোন  খ নবি–রাসুল
● পিতামাতা  ঘ আত্মীয়স্বজন

**৪৫. কার পায়ের নিচে সন্তানের বেহেস্ত?** (জ্ঞান)
ক বাবা  ● মা  গ ভাই  ঘ বোন

**৪৬. সুশিৰার ব্যবস্থা করেন কারা?** (জ্ঞান)
● পিতামাতা  খ ভাইবোন  গ আত্মীয়  ঘ বন্ধু

**৪৭. পিতামাতার আদেশ–নিষেধ পালন সন্তানের জন্য কী?** (জ্ঞান)
ক ফরয  খ নফল  গ সুন্নত  ● ওয়াজিব

**৪৮. পিতামাতা সন্তুষ্ট হলে কে সন্তুষ্ট হন?** (জ্ঞান)
ক ভাইবোন  খ আত্মীয়স্বজন
গ পাড়া–প্রতিবেশী  ● আলাহ্

**৪৯. আমাদের সুশিক্ষা ও বিবাহের ব্যবস্থা কারা করেন?** (জ্ঞান)
ক দাদাদাদি  খ ভাইবোন  গ নবি–রাসুল  ● পিতামাতা

**৫০. আমরা পিতামাতার সেবা করব কেন?** (অনুধাবন)
● এটি আলল্গাহর আদেশ  খ এটি শিৰকের আদেশ
গ এটি পীরের আদেশ  ঘ এটি মনীষীদের আদেশ

**৫১. পিতামাতার প্রতি দায়িত্ব পালন করব কীভাবে?**
[মণিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
● তাদের সেবা করে  খ তাদের উপহাস করে
গ তাদের ঘৃণা করে  ঘ তাদের খাবার বন্ধ করে

**৫২. পিতামাতাকে ধমক দেয়া যাবে না কেন?** (অনুধাবন)
● কারণ তারা আমাদের আপনজন  খ কারণ তারা আমাদের প্রতিবেশী
গ কারণ তারা আলল্গাহর সৃষ্টি  ঘ কারণ তারা সেরা জীব

**৫৩. মাতার অসুখ হলে নাহিদ ডাক্তার দেখায়। এতে তার মা কী হবে?** (প্রয়োগ)
● সুস্থ হবে  খ অসুখ বাড়বে  গ মারা যাবে  ঘ কিছুই হবে না

**৫৪. শামিমের মায়ের পা কেটে গেলে শামিম তার মাকে সেবা করে। এতে শামিমের কী হবে?** (প্রয়োগ)
ক গুনাহ  ● সাওয়াব  গ টাকা  ঘ বুদ্ধি

**৫৫. পিতামাতা আমাদের জন্য আলল্গাহর সেরা দান। এ দান কীভাবে গ্রহণ করব?** (প্রয়োগ)
● তাদের সেবা করে  খ তাদের ধমক দিয়ে
গ তাদের কষ্ট দিয়ে  ঘ তাদের বুদ্ধি দিয়ে

**৫৬. পিতামাতার সেবাযত্ন করা আমাদের কর্তব্য। এ কর্তব্য পালনের পরকালীন পরিণতি কী?** (উচ্চতর দৰতা)
ক নবিগণের সাৰাৎ লাভ  খ রাসুলগণের সাৰাৎ লাভ
● চিরসুখের জান্নাত লাভ  ঘ ফেরেশতাদের সাৰাৎ লাভ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৭. পিতামাতা আমাদের আপনজন। কেননা–** (প্রয়োগ)
i. তারা আমাদের রিযিক দেন
ii. তারা আমাদের লালন–পালন করেন
iii. তারা আমাদের সবচেয়ে আপনজন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**৫৮. পিতামাতার সেবা করা আমাদের একান্ত কর্তব্য–** [বি.এ.এফ শাহীন কলেজ, ঢাকা]
i. জান্নাত লাভের জন্য
ii. পরকালীন পরিত্রাণের জন্য
iii. দুনিয়ার সম্পদ লাভের জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও :**
মফিজ ষষ্ঠ শ্রেণিতে পড়ে। তার বাবা–মা বৃদ্ধ। বাবা কোনো আয় রোজগার করতে পারে না এবং মাতা অসুস্থ। সে তার মাকে সেবাযত্ন করে এবং বাবাকেও নামায পড়ার কাজে সাহায্য করে।

**৫৯. মফিজের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ক সত্যবাদিতা  খ আখলাকে যামিমা
গ কর্তব্যপরায়ণতা  ● পিতামাতার প্রতি কর্তব্য

**৬০. এরূপ কাজের ফলে মফিজ লাভ করবে–** (উচ্চতর দৰতা)
i. আলল্গাহর সন্তুষ্টি  ii. প্রচুর ধন–সম্পদ
iii. জান্নাত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

### ➲ পাঠ-৪ : আত্মীয়স্বজনের প্রতি কর্তব্য ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬১. আত্মীয় শব্দটি কী থেকে এসেছে?** (জ্ঞান)
● আত্মা থেকে ⓚ মন থেকে
ⓖ আত্মীয় থেকে ⓖ নিকটাত্মীয় থেকে

**৬২. চাচাচাচি আমাদের কী হন?** (জ্ঞান)
● আত্মীয় ⓚ প্রতিবেশী ⓖ বন্ধু ⓖ কেউ না

**৬৩. আত্মীয়স্বজন বলতে বোঝায়?** (অনুধাবন)
● পাড়া প্রতিবেশী ⓚ পশুপাখি
ⓖ গাছপালা ⓖ ঘরবাড়ি

**৬৪. আত্মার সম্পর্ক বলতে কী বোঝানো হয়েছে?** [পাবনা জিলা স্কুল]
ⓚ বন্ধু–বান্ধব ⓚ প্রতিবেশী ● আত্মীয় ⓖ কেউ না

**৬৫. আত্মীয়দের মধ্যে যারা বড় তাদের প্রতি কী দেখানো উচিত?** (উচ্চতর দৰতা)
ⓚ স্নেহ ⓚ ভালোবাসা ● শ্রদ্ধা ⓖ আদর

**৬৬. আত্মীয়রা রোগাক্রান্ত হলে তাদের খোঁজখবর নিতে হবে। এর কারণ কী?** (উচ্চতর দৰতা)
● এটা আলস্নাহর নির্দেশ ⓚ এটা মহানবি (স.) এর নির্দেশ
ⓖ এটা আবুবকর (রা.) এর নির্দেশ ⓖ এটা ওমর (রা.) এর নির্দেশ

**৬৭. হাশেম তার শাশুড়ির সুস্থতার জন্য ডাক্তারের কাছে যাওয়ার পরামর্শ দেয়। সে কোন ধরনের পরামর্শ দিয়েছে?** (প্রয়োগ)
● সৎ ও ভালো ⓚ ক্ষতিকারক
ⓖ অপরাধমূলক ⓖ ধনসম্পত্তির

**৬৮. মীম সবাইকে সালাম দেয়। তার কাজটি কেমন?** (প্রয়োগ)
ⓚ ভালো ⓚ খারাপ ● উত্তম ⓖ কড়া

**৬৯. মনি সহপাঠীদের ঝগড়া মিটিয়ে দেয়। তার এ কাজটি কোন ধরনের?** (প্রয়োগ)
● ভালো ⓚ সহজ ⓖ মন্দ ⓖ কঠিন

**৭০. আল্লাহর ভালোবাসা লাভের জন্য নিকট আত্মীয়দের দান করা উচিত। এর ফলে তাদের সাথে কী হবে?** (উচ্চতর দৰতা)
● হৃদ্যতা বাড়বে ⓚ ঝগড়া হবে
ⓖ শত্রবতা বাড়বে ⓖ মারামারি হবে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭১. আত্মীয় বলতে বোঝায়–** (অনুধাবন)
i. চাচাচাচি
ii. ভাইবোন
iii. প্রতিবেশী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭২ ও ৭৩ নং প্রশ্নের উত্তর দাও :**
মিজান খুলনায় থাকে। তার দাদাবাড়ি ভবানীপুর নামক একটি গ্রামে। তার চাচা ও ফুফুরা সবাই গরিব। তারা প্রায় তাদের বাসায় আসে। মিজান তাদের সাথে উত্তম ব্যবহার করে। তাদের কোনো সমস্যা থাকলে তার আব্বুকে সাহায্য করতে বলে।

**৭২. মিজানের কর্মকান্ডে কীসের প্রকাশ ঘটেছে?** (অনুধাবন)
ⓚ সত্যবাদিতা
ⓚ ন্যায়পরায়ণতা
ⓖ প্রতিবেশীর প্রতি কর্তব্য পালন
● আত্মীয়স্বজনের প্রতি কর্তব্য পালন

**৭৩. মহানবি (স.)–এর ভাষ্য অনুযায়ী এরূ প কাজের ফলে মিজানের–** (উচ্চতর দৰতা)
i. জীবিকা বৃদ্ধি পাবে
ii. আয়ু বৃদ্ধি পাবে
iii. জ্ঞান বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## ➲ পাঠ-৫ : প্রতিবেশীর প্রতি কর্তব্য

➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৪. মানুষ কেমন জীব?** [রাজশাহী কলেজিয়েট স্কুল]
● সামাজিক ⓚ পারিবারিক ⓖ অসামাজিক ⓖ বন্ধুসুলভ

**৭৫. প্রতিবেশী কত ঘর পর্যন্ত?** (জ্ঞান)
ⓚ ৩০ ● ৪০ ⓖ ৫০ ⓖ ৬০

**৭৬. সামনে–পিছে, ডানে–বাঁয়ে চলিরশ ঘর পর্যন্ত কী?** (জ্ঞান)
ⓚ আত্মীয় ⓚ পরিবার ● প্রতিবেশী ⓖ পাড়ার লোক

**৭৭. ইসলাম ধর্মের অনুসারীরা কী?** (জ্ঞান)
ⓚ ধর্মালম্বী ⓚ খাটি ⓖ হুজুর ● মুসলমান

**৭৮. প্রতিবেশীদের উপকার করা আমাদের প্রয়োজন কেন?** (অনুধাবন)
● কেননা এটা নৈতিক দায়িত্ব ⓚ কেননা এটা স্বার্থপরিপন্থী
ⓖ কেননা এটা অবৈধ কাজ ⓖ কেননা এটা অবৈধ কাজ

**৭৯. প্রতিবেশীর অধিকার বলতে কী বোঝায়?** (অনুধাবন)
● তাদের সাথে সুন্দর ব্যবহার ⓚ তাদের অবজ্ঞা করা
ⓖ তাদের ঘৃণা করা ⓖ তাদের সাথে খারাপ ব্যবহার

**৮০. যারা অস্থায়ীভাবে সমাজে বসবাস করে তারাও আমাদের কী?** (জ্ঞান)
ⓚ ভাইবন্ধু ⓚ মামামামি ⓖ আত্মীয়স্বজন ● প্রতিবেশী

**৮১. মানুষ সমাজবদ্ধ হয়ে বাস করে কেন?** (অনুধাবন)
ⓚ বিপদের তাগিদে ⓚ ভয়ের আশংকা থেকে
● সামাজিক জীব বলে ⓖ সেরা জীব বলে

**৮২. মুন্নার ভাই ইভটিজিং করে। এতে মুন্নার কর্তব্য কী?** (প্রয়োগ)
● তাকে ভালো করার চেষ্টা করতে হবে
ⓚ তাকে লোভ দেখানো উচিত
ⓖ তাকে ভয় দেখানো উচিত হবে
ⓖ তাকে শাস্তির ব্যবস্থা করা উচিত

**৮৩. বাজারে যাওয়ার রাস্তাটি সোহেল ও তার বন্ধুরা মিলে মেরামত করে দেয়। এতে তার প্রতিবেশীরা তাকে কী জানায়?** (প্রয়োগ)
ⓚ অপমান ⓚ দুঃখিত ⓖ অকৃতজ্ঞতা ● মুবারকবাদ

**৮৪. রাসেলের চাচা হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যায়। এখন তার কর্তব্য কী?** [ফেনী গভ. গার্লস হাইস্কুল]
● দাফন করা ⓚ নদীতে ফেলে দেওয়া
ⓖ স্নান করানো ⓖ অধিকার রাখা

**৮৫. হেলালের এক প্রতিবেশী তার নিকট কিছু টাকা আমানত রাখে। এ ৰেত্রে হেলালের কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
ⓚ টাকা মেরে দেওয়া ● আমানত রৰা করা
ⓖ খিয়ানত করা ⓖ টাকা ফেলে দেওয়া

**৮৬. "সেই ব্যক্তি আমার উপর প্রকৃত ইমান আনেনি যে আরামে রাত কাটায় অথচ তার প্রতিবেশী ক্ষুধার্ত। এরূ প ব্যক্তির পরিণতি কীরূ প হবে?** (উচ্চতর দৰতা)
ⓚ দুনিয়া ও আখিরাতে শান্তি লাভ করবে
ⓚ দুনিয়া ও আখিরাতে লাভ করবে
● দুনিয়ায় অশান্তি ও আখিরাতে জাহান্নাম লাভ করবে
ⓖ দুনিয়ায় শান্তি পাবে এবং আখিরাতে শাস্তি পাবে

**৮৭. আত্মীয়দের মধ্যে যারা বয়সে বড় তাদের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো এবং যারা ছোট তাদের অবশ্যই আদর ও স্নেহ করতে হবে। এর ফলে সমাজে কী আসবে?** (উচ্চতর দৰতা)
● শান্তি আসবে ⓚ অশান্তি আসবে
ⓖ রসাতলে যাবে ⓖ সবাই ধনী হবে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৮. প্রতিবেশীর প্রতি আমাদের কর্তব্য হলো–** (অনুধাবন)
i. সালাম দেওয়া
ii. ঘৃণা করা
iii. উপহার বিনিময় করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৯ ও ৯০ নং প্রশ্নের উত্তর দাও :**
আনোয়ারের পাশের বাড়ির এক ব্যক্তির হৃদরোগে আক্রান্ত হওয়ার খবর সে পায়। কিন্তু সে নিথর হয়ে বসে থাকে। এতে ওই ব্যক্তি মারা যায়।

**৮৯. আনোয়ার কার অধিকার নষ্ট করেছে?** (প্রয়োগ)
ক পিতামাতার ● প্রতিবেশীর গ বড় ভাইয়ের ঘ মায়ের

**৯০. আনোয়ারের প্রতিবেশীর হক আদায় না করার পরিণতি–** (উচ্চতর দৰতা)
i. জান্নাতে প্রবেশ করতে পারবে না
ii. প্রকৃত ইমানদার হতে পারবে না
iii. আখিরাতে মুক্তি পাবে না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ঘ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৬ : বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহ
➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৬

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯১. ছোটদের সাথে ভালো ব্যবহার করলে কী হয়?** (জ্ঞান)
● মধুর পরিবেশ তৈরি হয় খ ভালোবাসা তৈরি হয়
গ শত্রুতা সৃষ্টি হয় ঘ সম্পর্ক খারাপ হয়

**৯২. বড়দের শ্রদ্ধা করলে কে খুশি হন?** (জ্ঞান)
ক মহানবি (স.) খ বান্দা ● আলাহ্‌ ঘ সাহাবি

**৯৩. মহানবি (স.) ছোটদের আবদার রৰা করতেন কেন?** (অনুধাবন)
ক তারা ছোট বলে খ তারা বেবুঝ বলে
● তিনি ছোটদের স্নেহ করতেন বলে ঘ তারা বড় হবে বলে

**৯৪. আমরা ছোটদের স্নেহ করব কেন?** [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]
ক তারা বড় হবে তাই খ তারা বেবুঝ
● তারা স্নেহের পাত্র তাই ঘ তারা ছোট তাই

**৯৫. বড়দের সম্মান করার ফলাফল কী?** (উচ্চতর দৰতা)
● জান্নাত খ জাহান্নাম গ টাকা–পয়সা ঘ সম্মান

**৯৬. বড়দের সাথে দেখা হলে ছোটদের করণীয় কী?** (উচ্চতর দৰতা)
● সালাম দেওয়া খ হাসিঠাট্টা করা
গ বেয়াদবি করা ঘ দ্রুত সরে যাওয়া

**৯৭. বড়দের প্রতি ছোটদের কী করা উচিত?** (জ্ঞান)
ক মারা খ আদর করা
● সম্মান করা ঘ গালি দেয়া

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৮. বড়দের প্রতি আমাদের করণীয়–** (উচ্চতর দৰতা)
i. সালাম দেওয়া
ii. ভালো ব্যবহার করা
iii. বেয়াদবি করা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৯৯. ছোটদের প্রতি আমাদের কর্তব্য হলো–** (উচ্চতর দৰতা)
i. স্নেহ করা ii. খোঁজখবর নেওয়া
iii. মারধর করা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০০ ও ১০১ নং প্রশ্নের উত্তর দাও :**
মরিয়ম একটি অফিসে চাকরি করে। অফিসের মালিককে দেখলে সালাম দেয় এবং তার খোঁজখবর নেয়। তার জুনিয়র কর্মচারীদের দেখলেও সে ভালো–মন্দ জিজ্ঞাসা করে। সামর্থ্য অনুযায়ী সাহায্য করে।

**১০০. মরিয়মের আচরণে কার আদর্শ ফুটে উঠেছে?** (প্রয়োগ)
ক হযরত আয়িশা (রা.)–এর খ ইমাম আবু হানিফা (র.)–এর
গ হযরত খাদিজা (রা.)–এর
● মহানবি হযরত মুহাম্মদ (স.)–এর

**১০১. মরিয়মের আচরনের দ্বারা–** (উচ্চতর দৰতা)
i. সমাজে মধুর পরিবেশ সৃষ্টি হয় ii. বিশেষ সাওয়াব অর্জিত হয়
iii. পারস্পরিক বিদ্বেষ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৭ : সহপাঠীদের সাথে সদ্ব্যবহার ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০২. বিদ্যালয়ের পরিবেশ সুন্দর রাখার জন্য কী প্রয়োজন?** (জ্ঞান)
● সহপাঠীদের সাথে ভালো ব্যবহার
খ সহপাঠীদের সাথে খারাপ ব্যবহার
গ সহপাঠীদের সাথে চুক্তি করা
ঘ সহপাঠীদের মন রক্ষা করা

**১০৩. মানুষ কোন ধরনের জীব?** (জ্ঞান)
ক অর্থনৈতিক ● সামাজিক গ রাজনৈতিক ঘ ধর্মীয়

**১০৪. যাদের সাথে একই শ্রেণিতে পড়ালেখা করা হয় তাদের কী বলে?** (অনুধাবন)
ক সহকর্মী খ ভাইবন্ধু ● সহপাঠী ঘ আত্মীয়

**১০৫. সহপাঠীরা আমাদের কাছে কেমন?** (অনুধাবন)
ক আত্মীয়ের মতো ● ভাইবোনের মতো
গ বাবা–মায়ের মতো ঘ প্রতিবেশীর মতো

**১০৬. বন্ধুদের বিপদ দেখলে কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
ক লজ্জা দেওয়া ● সহযোগিতা করা
গ দূরে সরে যাওয়া ঘ গালি দেওয়া

**১০৭. সহপাঠীদের কেউ অসুস্থ হলে আমাদের কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
● সেবা করা খ জ্ঞান দেওয়া
গ অবহেলা করা ঘ ঝাড়ি দেওয়া

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৮. সহপাঠীদের সাথে সদ্ব্যবহার করলে–** (অনুধাবন)
i. শ্রেণিকৰের পরিবেশ ভালো থাকে
ii. সুশিৰা লাভ করা যায়
iii. শিৰার মান উন্নত হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও :**
মাসুদ তার সহপাঠী মতিউরের একদিন মন খারাপ দেখল। মতিউর বলল, তার লেখার খাতা ও কলম নেই। এ কথা শুনে মাসুদ তার ব্যাগ থেকে অতিরিক্ত খাতা ও কলম বের করে দিল। [ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

**১০৯. মাসুদের কর্মকাণ্ডে কোনটি প্রকাশিত হয়েছে?**
ক কর্তব্য পরায়ণতা খ ছোটদের প্রতি স্নেহ
গ প্রতিবেশীর প্রতি কর্তব্য ● সহপাঠীদের সাথে সদ্ব্যবহার

**১১০. এরূ প কাজের ফলে–**
i. শ্রেণিকৰের পরিবেশ ভালো থাকে
ii. বিদ্যালয়ের পরিবেশ সুন্দর হয়
iii. শত্রৰতা সৃষ্টি হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৮ : আখলাকে যামিমাহ্‌ ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৮৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১১. নিচের কোনটি আখলাকে যামিমাহ?** [কুমিলরা জিলা স্কুল]
ক ভালো আচরণ ● পরনিন্দা
গ তিলাওয়াত করা ঘ নামায পড়া

**১১২. কাউকে গালি দেওয়া কেমন কাজ?** (জ্ঞান)
● ঘৃণিত খ ভালো গ সম্মানজনক ঘ উত্তম কাজ

**১১৩. আমরা সত্য পথে অটল থাকব কেন?** (অনুধাবন)
ক রাজনৈতিক ফায়দার জন্য ● পরকালীন মুক্তির জন্য
গ সামাজিক সুবিধার জন্য ঘ অভ্যাসের জন্য

**১১৪. ভালো কাজের জন্য আমরা কার আদর্শ অনুসরণ করব?** (উচ্চতর দৰতা)

ⓚ হযরত মুসা (আ.) এর ⓛ ইবলিস এর
ⓖ হযরত আদম (আ.) এর ● মহানবি (স.) এর

**১১৫. আমরা কোন পথে থাকব?** (জ্ঞান)
ⓚ রাজনৈতিক ● সত্য ⓖ সামাজিক ⓘ সাংস্কৃতিক

**১১৬. আমাদের খারাপ আচরণগুলো কী করা উচিত?** (উচ্চতর দৰতা)
ⓚ গ্রহণ করা ● বর্জন করা
ⓖ অবজ্ঞা করা ⓘ প্রচার করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৭. রাসুল (স.) এর আদর্শ অনুসরণ করে আমরা জীবন গঠন করতে চাই। এতে আমাদের করণীয়–** (প্রয়োগ)
i. কাউকে ধার দেব না ii. প্রতারণা করব না
iii. কারও গিবত করব না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৮ ও ১১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আসিফ সবার সাথে মিথ্যা কথা বলে। কারণে অকারণে গালি দেয়। মানুষের গিবত করে।

**১১৮. আসিফের আচরণে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে?** (অনুধাবন)
● আখলাকে যামিমাহ ⓛ আখলাকে হামিদাহ
ⓖ আখলাকে হাসানাহ ⓘ আখলাকে যায়িদাহ

**১১৯. এরূ প আচরণের ফলে আসিফ–** (উচ্চতর দৰতা)
i. দুনিয়ায় ৰতিগ্রস্ত হবে
ii. আখিরাতে ৰতিগ্রস্ত হবে
iii. আখিরাতে মুক্তি পাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## পাঠ-৯ : মিথ্যাচার

➠ বোর্ড বই, পৃষ্ঠা ৮৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২০. সকল পাপ কাজের জননী কী?** (জ্ঞান)
ⓚ ছিনতাই ⓛ বিশ্বাস ● মিথ্যা ⓘ চুরি–ডাকাতি

**১২১. মিথ্যা কেমন অপরাধ?** (জ্ঞান)
● জঘন্যতম অপরাধ ⓛ ছোটখাটো অপরাধ
ⓖ সামান্য অপরাধ ⓘ কোনো অপরাধই নয়

**১২২. সকল অর্থনৈতিক ও সমাজবিরোধী কর্মের মূলে কোনটি রয়েছে?** (উচ্চতর দৰতা)
ⓚ পাপাচার ● মিথ্যাচার ⓖ টাকা–পয়সা ⓘ সত্যবাদিতা

**১২৩. মিথ্যাবাদী কার বন্ধু?** (জ্ঞান)
● শয়তানের ⓛ নবি–রাসুলের ⓖ আলাহর ⓘ ফেরেশতার

**১২৪. মিথ্যার পরিণাম কী?** (জ্ঞান)
ⓚ হত্যা ⓛ আঘাত ● ধ্বংস ⓘ অপমান

**১২৫. আমাদের কী বর্জন করা উচিত?** (জ্ঞান)
ⓚ ভালো কথা ● মিথ্যা কথা ⓖ সুন্দর কথা ⓘ জ্ঞানী কথা

**১২৬. সমাজের একটি গর্হিত কাজ কী?** (জ্ঞান)
ⓚ প্রশংসা করা ⓛ ভুলে যাওয়া ● মিথ্যা বলা ⓘ রাগ হওয়া

**১২৭. আমাদের সর্বদা বিরত থাকা উচিত –** (উচ্চতর দৰতা)
ⓚ সৎকাজ থেকে ⓛ শিক্ষামূলক কাজ থেকে
● মিথ্যাচার থেকে ⓘ উন্নয়নমূলক কাজ থেকে

**১২৮. বান্দা যখন মিথ্যা বলে তখন ফেরেশতারা এর দুর্গন্ধ পান। এ দুর্গন্ধের কারণে তারা কোথায় চলে যান?** (প্রয়োগ)
ⓚ কাছে আসে ⓛ আসমানে
● দূরে ⓘ স্বর্গে

**১২৯. মিথ্যা বলার পরকালীন পরিণতি কী?** (উচ্চতর দৰতা)
ⓚ টাকা–পয়সা ● জাহান্নাম ⓖ স্বর্ণ লাভ ⓘ জান্নাত

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩০. মিথ্যাচার একটি–** (অনুধাবন)
i. জঘন্যতম অপরাধ ii. নিন্দনীয় আচরণ
iii. স্বাভাবিক অপরাধ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৩১. মিথ্যার পরিণতি–** (উচ্চতর দৰতা)
i. দুনিয়ার জীবন দুর্বিষহ
ii. পরকালে জাহান্নাম
iii. আখিরাতে মুক্তি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩২ ও ১৩৩ নং প্রশ্নের উত্তর দাও :**
এক বনের পাশে এক রাখাল গরু চরাত। সে একদিন মজা করে "বাঘ বাঘ" বলে চিৎকার করল। গ্রামের লোক ছুটে এসে দেখে কোনো বাঘ নেই। সত্যি সত্যি একদিন তাকে বাঘে ধরল; সে শত চিৎকার করলেও কেউ এগিয়ে এল না।

**১৩২. রাখালের চিৎকারে গ্রামবাসী এল না কেন?** (প্রয়োগ)
ⓚ সত্য কথা বলার কারণে ● প্রথমবার মিথ্যা বলায়
ⓖ ব্যঙ্গাত্মক কথা বলার কারণে ⓘ হিংসার কারণে

**১৩৩. ছেলেটির মিথ্যা বলার পরিণাম–** (উচ্চতর দৰতা)
i. সুখকর
ii. মৃত্যু
iii. মজার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ● ii ⓖ iii ⓘ i, ii ও iii

## পাঠ-১০ : গিবত বা পরনিন্দা

➠ বোর্ড বই, পৃষ্ঠা ৯০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩৪. গিবত কেমন কাজ?** [বরিশাল জিলা স্কুল]
ⓚ ভালো ⓛ সুখকর ● নিন্দনীয় ⓘ সুন্দর

**১৩৫. গিবতের অন্য একটি নাম কী?** (জ্ঞান)
ⓚ পরচর্চা ● পরনিন্দা ⓖ ভুল বোঝা ⓘ ভালো

**১৩৬. গিবত ইসলামের দৃষ্টিতে কী?** (জ্ঞান)
ⓚ জায়িয ⓛ হালাল ● অবৈধ ⓘ বৈধ

**১৩৭. গিবত থেকে বিরত থাকা প্রত্যেক মুসলমানের কী?** (জ্ঞান)
ⓚ দায়িত্ব ● কর্তব্য ⓖ সুন্নত ⓘ ফরয

**১৩৮. গিবতের মাধ্যমে সমাজে কী সৃষ্টি হয়?** (জ্ঞান)
● ঝগড়া–ফাসাদ ⓛ শান্তি
ⓖ হানাহানি ⓘ বরকত

**১৩৯. এক মুসলমানের সম্পদ, জীবন ও সম্মান অপর মুসলমানের কাছে কী?** (প্রয়োগ)
ⓚ অপবিত্র ⓛ অবৈধ জিনিস ● পবিত্র আমানত ⓘ বোঝাস্বরূ প

**১৪০. যদি কেউ গিবত করে তবে তার কী দিতে হবে?** (জ্ঞান)
ⓚ প্রশংসা ⓛ ফাঁসি ⓖ ভয় ● ক্ষতিপূরণ

**১৪১. কারও অগোচরে তার দোষত্রবটি অন্যের কাছে প্রকাশকে কী বলে?** (জ্ঞান)
ⓚ সত্যবাদিতা ⓛ মিথ্যাচার ⓖ গালি ● গিবত

**১৪২. সমাজে কারা গিবত করে?** (জ্ঞান)
● খারাপ লোক ⓛ ভালো লোক ⓖ দুষ্টু লোক ⓘ সৎ লোক

**১৪৩. গিবত বা পরনিন্দা ব্যভিচার অপেক্ষাও গুরুতর কেন?** (অনুধাবন)
ⓚ এটি করলে মানুষ সংশোধন হয় বলে
● এটি সমাজে অশান্তি সৃষ্টি করে বলে
ⓖ এটি মহৎ গুণ বলে
ⓘ এটি সমাজে শান্তি সৃষ্টি করে বলে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪৪. গিবত একটি—** (অনুধাবন)
i. ঘৃণিত কাজ
ii. সর্বোত্তম কাজ
iii. সামাজিক অনাচার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৪৫. অন্যের দোষত্রুটি পশ্চাতে বলাকে বলা হয়—** (অনুধাবন)
i. গিবত
ii. পরনিন্দা
iii. মিথ্যাচার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪৬ ও ১৪৭ নং প্রশ্নের উত্তর দাও :**
কনা ও মুনা একই শ্রেণিতে পড়ে। কনা মুনার গিবত করে বেড়ায়।

**১৪৬. কনার কাজটি ইসলামের দৃষ্টিতে কীরূপ?** (প্রয়োগ)
ⓚ জায়িয ● হারাম
ⓖ হালাল ⓘ হারাম নয়

**১৪৭. কনার এরূপ কাজের ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. শত্রুতা সৃষ্টি হয়
ii. অশান্তি সৃষ্টি হয়
iii. শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## ➲ পাঠ-১১ : গালি দেওয়া ➨ বোর্ড বই, পৃষ্ঠা ৯১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪৮. যারা গালি দেয় সবাই তাদের কী করে?** [বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ঘৃণা করে ⓛ শ্রদ্ধা করে
ⓖ ভালোবাসে ⓘ সম্মান করে

**১৪৯. যারা পরস্পরকে গালি দেয় তারা উভয়ই কী?** (জ্ঞান)
ⓚ বন্ধু ⓛ আত্মীয় ● শয়তান ⓘ সন্ত্রাসী

**১৫০. অন্যের পিতামাতাকে গালি দেওয়া কাকে গালি দেওয়ার সমান?** (জ্ঞান)
ⓚ ভাইবোনকে ⓛ চাচাচাচিকে
● নিজের পিতামাতাকে ⓘ বন্ধুবান্ধবকে

**১৫১. আমাদের সবসময় কোনটি করা উচিত?** (উচ্চতর দক্ষতা)
ⓚ গালি দেওয়া ⓛ মিথ্যা বলা
ⓖ অশীল কথা বলা ● সত্য কথা বলা

**১৫২. কারও সম্পর্কে এরূপ বাক্য ব্যবহার করা যাতে তার হীনতা ও ঘৃণা প্রকাশ পায়। সেটি কী স্বরূপ?** (প্রয়োগ)
ⓚ গিবত ⓛ পরনিন্দা ⓖ মিথ্যাচার ● গালি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫৩. গালি দেওয়ার অর্থ হলো—** (অনুধাবন)
i. মন্দ নামে ডাকা
ii. তিরস্কার করা
iii. অশীল কথা বলা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫৪. গালি দেওয়ার কারণে—** (উচ্চতর দক্ষতা)
i. সবাই ঘৃণা করে
ii. সবাই ভয় পায়
iii. আলাহ অখুশি হন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৫৫. হাদিস অনুসারে আমরা বেঁচে থাকব—** (অনুধাবন)
i. অপরের পিতামাতাকে গালি দেওয়া থেকে
ii. আপন পিতামাতাকে গালি দেওয়া থেকে
iii. অশ্রীল কথাবার্তা বলা থেকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫৬ ও ১৫৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আলমদের বাসায় মুসা নামে একটি ছেলে কাজ করে। মুসা কোনো কাজ না পারলে সে তাকে গালি দেয়, তিরস্কার করে।

**১৫৬. আলমের কাজে কোনটি প্রকাশ পেয়েছে?** (অনুধাবন)
● আখলাকে যামিমাহ ⓛ আখলাকে মারিদা
ⓖ আখলাকে হাসানা ⓘ আখলাকে যায়িদা

**১৫৭. আলমের এরূপ আচরণের ফলে তাকে সবাই দেখবে—** (উচ্চতর দক্ষতা)
i. ঘৃণার চোখে ii. অবজ্ঞার চোখে
iii. সম্মানের চোখে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## ➲ পাঠ-১২ : ধূমপান ও মাদকাসক্তি ➨ বোর্ড বই, পৃষ্ঠা ৯২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫৮. কোনটি ধূমপানের ফলে সৃষ্টি হয়?** [দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● গ্যাস্ট্রিক ⓛ আমাশয় ⓖ জ্বর ⓘ টাইফয়েড

**১৫৯. কোনটি মানুষের জন্য ক্ষতিকর?** (জ্ঞান)
● ধূমপান ⓛ ভাত
ⓖ ফলমূল ⓘ মিষ্টি

**১৬০. ধূমপান কেমন অপরাধ?** (জ্ঞান)
ⓚ আইনমূলক ⓛ সংবিধানসম্মত
● মানবাধিকারের পরিপন্থী ⓘ স্বাস্থ্যসম্মত

**১৬১. আলাহ তায়ালা অপব্যয়কারীকে কী বলে আখ্যা দিয়েছেন?** (জ্ঞান)
ⓚ তাকওয়াবান ● শয়তানের ভাই
ⓖ নিফাকী ⓘ মিথ্যাবাদী

**১৬২. কোনটি ইবাদত কবুল হওয়ার অন্তরায়?** (জ্ঞান)
ⓚ ব্যবসা ⓛ সত্য বলা ● ধূমপান ⓘ চাকরি করা

**১৬৩. কোনটি মাদকাসক্তি?** (জ্ঞান)
ⓚ দুধ ⓛ কলা ⓖ চা ● মদ

**১৬৪. ধূমপান কোনটি?** (জ্ঞান)
ⓚ চাল ⓛ মদ ⓖ কফি ● সিগারেট

**১৬৫. পরিবেশ দূষণের জন্য কোনটি দায়ী?** (জ্ঞান)
ⓚ গাছপালা ⓛ তরকারি ● ধূমপান ⓘ রিকশা

**১৬৬. ধূমপান কীসের ক্ষতি করে?** (জ্ঞান)
● স্বাস্থ্যের ⓛ পৃথিবীর ⓖ ইজ্জতের ⓘ গাছের

**১৬৭. জ্ঞানবুদ্ধি লোপ পায় কেন?** (অনুধাবন)
● মাদকদ্রব্য ব্যবহারে ⓛ চা পানে
ⓖ ভাত খেলে ⓘ পানীয় পানকরণে

**১৬৮. ধূমপানের ফলে আমাদের শরীরে কী সৃষ্টি হয়?** (উচ্চতর দক্ষতা)
● ক্যান্সার ⓛ জ্বর ⓖ শক্তি ⓘ এনার্জি

**১৬৯. জান্নাতে কারা প্রবেশ করবে না?** (জ্ঞান)
ⓚ বিশ্বাসী ⓛ ব্যবসায়ী ● মাদকাসক্ত ⓘ প্রশংসাকারী

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭০. ধূমপান যে ধরনের কাজ—** (অনুধাবন)
i. আধুনিক
ii. বদভ্যাস
iii. অপব্যয়
**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii  ⓛ i ও iii  ● ii ও iii  ⓜ i, ii ও iii

**১৭১. মাদকাসক্তির মাধ্যমে যেভাবে যুবসমাজ ধ্বংস হয়—** (অনুধাবন)

i. ভারসাম্য হারিয়ে ফেলে
ii. আসক্ত হয়ে অসৎ কাজ করে
iii. মানসিকভাবে বিপর্যস্ত করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii  ⓛ ii ও iii  ⓜ i ও iii  ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭২ ও ১৭৩ নং প্রশ্নের উত্তর দাও :**
টনি প্রতিদিন ধূমপান করে। মাঝে মাঝে মদপানও করে।

**১৭২. টনি ধূমপান করে কেন?** (প্রয়োগ)

ⓚ বন্ধুবান্ধবের কারণে  ⓛ মারামারি করার জন্য
● এটি তার নেশা  ⓜ মাথা ঠিক রাখার জন্য

**১৭৩. এরূ প নেশা করার ফলে সে—** (উচ্চতর দৰতা)

i. শারীরিকভাবে ৰতিগ্রস্ত হবে
ii. পরকালে শাস্তি পাবে
iii. সমাজে প্রশংসিত হবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii  ⓛ i ও iii  ⓜ ii ও iii  ⓜ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸** আখলাকে হামিদাহ

বগুড়া জিলা স্কুলের ধর্মীয় শিক্ষক কোরবান আলী ছাত্রছাত্রীদের মানুষের মতো মানুষ হওয়ার উপদেশ দেন। পিতামাতা, আত্মীয়স্বজন ও ছোট–বড়দের সাথে যথাযথ আচরণেরও পরামর্শ দেন। জীবনের সবৰেত্রে শালীন, মার্জিত ও ভদ্র হওয়ার কথাও তার উপদেশে প্রকাশ পায়। এতে ছাত্রছাত্রীগণ ভালো হওয়ার শপথ করে।

ক. আখলাকে হামিদাহ অর্থ কী? ১
খ. আখলাক বলতে কী বোঝ? ২
গ. শিৰার্থীদের উদ্বুদ্ধকরণে উদ্দীপকের শিৰক কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানবজীবনে উদ্দীপকে আলোচিত বিষয়টির প্রয়োজনীয়তা বিশেৰষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** আখলাকে হামিদাহ অর্থ– প্রশংসনীয় আচরণ।

**খ** আখলাক আরবি শব্দ। এটি ‘খুলুকুন’ শব্দের বহুবচন। যার অর্থ– স্বভাব, চরিত্র ইত্যাদি। মূলত আখলাক হলো মানুষের স্বভাবসমূহের সমন্বিতরূ প। অর্থাৎ মানুষের আচার–আচরণ, চিন্তা–ভাবনা, মানসিকতা, কর্মপন্থা সবকিছুকে একত্রে আখলাক বা চরিত্র বলা হয়।

**গ** শিৰার্থীদের উদ্বুদ্ধকরণে উদ্দীপকের শিৰক আখলাকে হামিদাহর প্রতি ইঙ্গিত করেছেন। যেসব স্বভাব বা চরিত্র সমাজে প্রশংসনীয় ও সমাদৃত, আলরাহ ও তাঁর রাসুল (স.)–এর নিকট প্রিয় সেসব স্বভাব বা চরিত্রকে আখলাকে হামিদাহ বলা হয়। আখলাকে হামিদাহ মানবীয় মৌলিক গুণ ও জীবনের শ্রেষ্ঠ সম্পদ। এর দ্বারাই মানুষ পূর্ণমাত্রায় মনুষ্যত্বের স্তরে উপনীত হয়। মানুষের ইহ ও পরকালীন সুখ, শান্তি আখলাকে হামিদাহর ওপর নির্ভরশীল। উদ্দীপকে শিৰক কোরবান আলী ছাত্রছাত্রীদের মানুষের মতো মানুষ হওয়ার উপদেশ দেন। তিনি বলেন, পিতামাতা, আত্মীয়স্বজন ও ছোট–বড়দের সাথে যথাযথ আচরণেরও পরামর্শ দেন। জীবনের প্রতিটি ৰেত্রে শালীন, মার্জিত ও ভদ্র হওয়ারও পরামর্শ দেন। উপরিউক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, উদ্দীপকের শিৰক শিৰার্থীদের উদ্বুদ্ধকরণে আখলাকে হামিদাহর প্রতি ইঙ্গিত করেছেন।

**ঘ** মানবজীবনে উদ্দীপকে আলোচিত বিষয়টি তথা আখলাকে হামিদাহর প্রয়োজনীয়তা অপরিসীম। মানব চরিত্রের সুন্দর, নির্মল ও মার্জিত গুণাবলিই আখলাক। যা মানবজীবনের শ্রেষ্ঠ সম্পদ। মানুষের ইহকাল ও পরকালীন সুখ, শান্তিও এর ওপর নির্ভরশীল। সুন্দর আচরণের মাধ্যমে মানুষে মানুষে বন্ধুত্ব তৈরি হয়। সুসম্পর্ক ও সৌহার্দ্যভাব বজায় থাকে। পারস্পরিক লেনদেন সহজতর হয়। জীবন হয়ে ওঠে মধুময়। মহানবি (স.) আরও বলেছেন, ‘তোমাদের মধ্যে ঐ ব্যক্তি আমার নিকট সবচেয়ে প্রিয় যার চরিত্র উত্তম।’ উদ্দীপকের শিৰক কোরবান আলী ছাত্রছাত্রীদের এ বিষয়টির প্রতিই ইঙ্গিত করেছেন যে, আখলাকে হামিদাহ বা সচ্চরিত্র মানবীয় মৌলিক গুণ ও জীবনের শ্রেষ্ঠ সম্পদ। এর দ্বারাই মানুষ পূর্ণমাত্রায় মনুষ্যত্বের স্তরে উপনীত হয়। মানবিকতা ও নৈতিকতার আদর্শ আখলাকে হামিদাহ বা সচ্চরিত্রের মাধ্যমেই পরিপূর্ণতা লাভ করে। মানুষের ইহ ও পরকালীন সুখ, শান্তি সচ্চরিত্রের উপরই নির্ভরশীল।

**প্রশ্ন- ২ ▸▸** সত্যবাদিতা

আয়েশা বেগম একজন ধার্মিক মহিলা। তিনি তার সন্তানদের ভালো হওয়ার উপদেশ দেন। একদিন সকালে তিনি তার বড় ছেলে সুলায়মানকে বড়পীর হযরত আব্দুল কাদের জিলানি (র.) সম্পর্কিত কাহিনীটি শোনান। এতে সুলায়মান ভালো হওয়ার শপথ গ্রহণ করে।
[পুলিশ লাইনস স্কুল অ্যান্ড কলেজ, রংপুর]

ক. ‘সিদক’ শব্দের অর্থ কী? ১
খ. সত্যবাদি হলে সুবিধা পাওয়া যায় কেন? ২
গ. পাঠ্যপুস্তকে বর্ণিত উদ্দীপকের আয়েশা বেগমের কাহিনীটি বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণিত কাহিনীটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** ‘সিদক’ শব্দের অর্থ সততা, সত্যবাদিতা ইত্যাদি।

**খ** সত্যবাদি হলে অনেক সুবিধা পাওয়া যায়। যেমন : যে সত্য কথা বলে তাকে সবাই ভালোবাসে ও বিশ্বাস করে। সত্যবাদী দুনিয়াতে যেমন সম্মানের অধিকারী হন তেমনি আখিরাতেও পরম সুখ লাভ করবেন।

**গ** পাঠ্যপুস্তকে বর্ণিত উদ্দীপকের আয়েশা বেগমের কাহিনীটি হচ্ছে বড় পীর আব্দুল কাদের জিলানী (র.) এর বাল্যকালের সত্যবাদিতা। তখন তিনি অল্পবয়স্ক বালক। শিক্ষা গ্রহণের জন্য তিনি বাগদাদ রওনা হলেন। গমনের সময় মা তাকে সর্বদা সত্য কথা বলার আদেশ করেন। পথিমধ্যে একদল ডাকাত তাদের কাফেলার ওপর হামলা করে। ডাকাত দল একে একে কাফেলার সবাইকে তল্লাশি চালায়। তলাশির সময় বালক আব্দুল কাদেরকে জিজ্ঞাসা করল যে, হে বালক তোমার কাছে কিছু আছে কি? তিনি নির্ভয়ে উত্তর দিলেন, “চল্লিশটি স্বর্ণমুদ্রা আছে”। তাঁর কথা যাচাইয়ের জন্য ডাকাত সর্দার ধমক দিয়ে বলল, “কোথায় স্বর্ণমুদ্রা? আমাদের তা দেখাও।” তিনি জামার আস্তিনের মধ্যে সেলাই করা অবস্থায় ডাকাতদের তা বের করে দেখালেন। ডাকাতরা তার সততা দেখে অবাক হয়ে বলল, এরূ প লুকানো স্বর্ণমুদ্রা আমরা খুঁজে পেতাম না, তুমি কেন বললে? তিনি বললেন, “আপনারা জিজ্ঞেস করায় আমি

সত্য কথা বলে দিয়েছি। কারণ আমার মা আমাকে সর্বদা সত্য কথা বলতে বলেছেন।

**ঘ** উদ্দীপকের বর্ণিত কাহিনীটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বাস্তব বা প্রকৃত ঘটনা যথাযথভাবে প্রকাশ করাই সত্যবাদিতা। মহানবি হযরত মুহাম্মদ (স.) সত্যবাদিতা সম্পর্কে বলেন– সত্য মানুষকে মুক্তি দেয়, মিথ্যা ধ্বংস করে। নবি করিম (স.) আরও বলেন, "তোমাদের অবশ্যই সত্যবাদী হওয়া উচিত। কেননা সত্যবাদিতা মানুষকে পুণ্যের পথে পরিচালিত করে, আর পুণ্য বেহেশতের পথে পরিচালিত করে।" পবিত্র কুরআনুল কারিমে সত্যবাদীকে জান্নাত দানের কথা বলা হয়েছে। সুরা আল-মায়িদায় আল্লাহ তায়ালা বলেন : "এইতো সে দিন–যে দিন সত্যবাদীগণ তাদের সততার জন্য উপকৃত হবে। তাদের জন্য রয়েছে জান্নাত। যার পাদদেশে নদীসমূহ প্রবাহিত, তারা সেখানে চিরস্থায়ী হবে।"

**প্রশ্ন– ৩** ▸▸ পিতামাতার প্রতি কর্তব্য

সোহেল ঢাকায় চাকরি করে। তার পিতামাতা গ্রামের বাড়িতে থাকে। হঠাৎ তার পিতার অসুস্থতার কথা জানতে পারে। অফিস কর্তৃপক্ষের নিকট থেকে ছুটি নিয়ে সে বাড়িতে গিয়ে পিতাকে ভালো ডাক্তার দেখায়। সোহেলের দিবারাত্রির সেবায় তার পিতা সুস্থ হয়ে ওঠে। অতঃপর সোহেলের পিতা সোহেলকে বলে, "বাবা আমি তোমার প্রতি সন্তুষ্ট।"

ক. 'আস্-সিদক' শব্দের অর্থ কী? ১
খ. আখলাকে হামিদাহ মানুষের জীবনে প্রয়োজন কেন? ২
গ. উদ্দীপকের সোহেলের আচরণটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাবা আমি তোমার প্রতি সন্তুষ্ট'–উক্তিটির আলোকে পিতামাতার সেবার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## ৩ নং প্রশ্নের উত্তর

**ক** 'আস্-সিদক' শব্দের অর্থ সততা, সত্যবাদিতা। সত্য কথা বলা ও সত্য সাক্ষ্য দেওয়া ইত্যাদি।

**খ** আখলাকে হামিদাহ মানুষের জীবনে খুবই প্রয়োজন। সুন্দর আচরণের মাধ্যমে মানুষে মানুষে বন্ধুত্ব তৈরি হয়। সুসম্পর্ক ও সৌহার্দ্য বজায় থাকে। পারস্পরিক লেনদেন সহজতর হয়। জীবন হয়ে ওঠে মধুময়। তাই আখলাকে হামিদাহ মানুষের জীবনে প্রয়োজন।

**গ** উদ্দীপকের সোহেলের আচরণটি প্রশংসনীয়। তার এ আচরণটি আখলাকে হামিদার অন্তর্ভুক্ত। প্রশংসনীয় আচরণই আখলাকে হামিদাহ বা সচ্চরিত্র। পিতামাতা সন্তানের নিকট সবচেয়ে বড় আপনজন। আল্লাহর সবচেয়ে বড় দান হলো আমাদের পিতামাতা। পিতামাতার চেয়ে আপনজন পৃথিবীতে আর কেউ নেই। সুতরাং এরূপ কল্যাণকামী পিতামাতার প্রতি আমাদেরও কিছু কর্তব্য রয়েছে। উদ্দীপকেও সোহেল তার পিতামাতাকে সব দিক থেকে দেখাশোনা করে থাকেন। সোহেল ঢাকায় চাকরি করেন। একদিন তার পিতার অসুস্থতার কথা শুনতে পেয়ে কর্তৃপক্ষের নিকট থেকে ছুটি নিয়ে বাড়িতে যান এবং পিতাকে ভালো ডাক্তার দেখান। তার দিবারাত্রির সেবায় পিতা সুস্থ হয়ে ওঠেন। এজন্য তার পিতামাতা তার ওপর সন্তুষ্ট। উপরোল্লিখিত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, উদ্দীপকের সোহেলের কর্মকাণ্ড প্রশংসনীয়।

**ঘ** 'বাবা আমি তোমার প্রতি সন্তুষ্ট।' উদ্দীপকে উল্লিখিত বাবার মন্তব্যটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আমরা জানি, পিতামাতার আদেশ-নিষেধ পালন সন্তানের জন্য ওয়াজিব। সেই সাথে পিতামাতার সেবাযত্ন করাও আমাদের কর্তব্য। এ সম্পর্কে পবিত্র কুরআনে আল্লাহ বলেন, "তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তাকে ছাড়া অন্য কারও ইবাদত করবে না এবং পিতামাতার সাথে সর্বোত্তম আচরণ করবে।" তাছাড়া পিতামাতার প্রতি সদ্ব্যবহার করাও আমাদের কর্তব্য। এ সম্পর্কে মহানবি (স.) বলেছেন, 'মায়ের পদতলে সন্তানের বেহেশত।' মহানবি (স.) আরও বলেছেন, "পিতার সন্তুষ্টিতে আল্লাহর সন্তুষ্টি, পিতার অসন্তুষ্টিতে আল্লাহর অসন্তুষ্টি।" পিতামাতার প্রতি যথাযথভাবে দায়িত্ব পালন করলে দুনিয়া ও আখিরাতে সফলতা লাভ করা যায়। সুতরাং, পিতামাতার যথাযথ সেবাযত্নের মাধ্যমে তাদের প্রতি কর্তব্য পালন করা উচিত।

**প্রশ্ন– ৪** ▸▸ আত্মীয়স্বজনদের প্রতি দায়িত্ব

আনোয়ার হোসেন একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি সন্তান-সন্ততি নিয়ে ঢাকা শহরে নিজস্ব ফ্ল্যাটে থাকেন। তিনি একদিন বাসায় ফিরে দেখতে পান তার দূর সম্পর্কের খালাতো ভাই এসেছে। তার মেয়ে অনেক অসুস্থ। আনোয়ার সাহেব তার ভাতিজিকে সুচিকিৎসার ব্যবস্থা করেন এবং তার বাড়িতেই রাখার ব্যবস্থা করেন।

ক. সন্তানের আপনজন কে? ১
খ. আত্মীয় বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আনোয়ার হোসেনের চরিত্রে কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোচিত বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

## ৪ নং প্রশ্নের উত্তর

**ক** সন্তানের আপনজন পিতামাতা।

**খ** আত্মার সাথে সম্পর্কিত ব্যক্তিকে আত্মীয় বলে। যাদের সাথে জীবনের ঘনিষ্ঠতা গড়ে ওঠে তারাই আত্মীয়। সমাজে ভাই-বোন, চাচা-চাচি, মামা-মামি, শ্বশুর-শাশুড়ি এবং অন্যান্য নিকটস্থ বন্ধুবান্ধবকে আত্মীয় বলা হয়।

**গ** উদ্দীপকের আনোয়ার হোসেনের চরিত্রের আত্মীয়স্বজনদের হক আদায় করার বিষয়টি ফুটে উঠেছে। কুরআন ও হাদিসে আত্মীয়স্বজনদের হক যথাযথভাবে পালন করার কথা বলা হয়েছে। উদ্দীপকে আনোয়ার হোসেন অফিস থেকে বাসায় ফিরে তার খালাতো ভাইকে বাসায় দেখতে পান যিনি তার মেয়ের চিকিৎসার জন্য এসেছেন। আনোয়ার হোসেন তার মেয়ের চিকিৎসার ব্যবস্থা করেন। সুতরাং বলা যায় যে, আনোয়ার হোসেনের চরিত্রে আত্মীয়স্বজনের হক আদায় করার বিষয়টি ফুটে উঠেছে।

**ঘ** উদ্দীপকের আলোচিত বিষয়টি তথা আত্মীয়স্বজনের অধিকারের তাৎপর্য অপরিসীম। আত্মীয়স্বজনের অধিকার সম্পর্কে আল্লাহ বলেছেন, "আল্লাহর ভালোবাসা লাভের জন্য নিকট আত্মীয়দের দান কর।" আত্মীয়রা রোগাক্রান্ত হলে তাদের সেবাযত্ন করতে হবে। বিপদে-আপদে খোঁজখবর নিতে হবে। আত্মীয়দের সাথে সদ্ব্যবহার করার জন্য স্বয়ং আল্লাহ তা'য়ালা নির্দেশ দিয়ে বলেছেন– "পিতামাতার সাথে সদ্ব্যবহার করবে এবং নিকটাত্মীয়দের সাথেও উত্তম আচরণ প্রদর্শন করবে।" কোনো অন্যায় বা অসৎ কাজে আত্মীয়কে সাহায্য করা যাবে না। বরং অন্যায় কাজ থেকে তাকে বিরত রাখাই দায়িত্ব। আত্মীয়দের সাথে ভালোবাসাপূর্ণ আচরণ করলে পৃথিবীতে লাভবান হওয়া যায়। নবি কারিম (স.) বলেছেন, "যে ব্যক্তি কামনা করে যে তার জীবিকা ও আয়ু বৃদ্ধি পাক, সে যেন আত্মীয়দের সাথে সুন্দর আচরণ করে।" সুতরাং আত্মীয় স্বজনের অধিকার অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

**প্রশ্ন– ৫** ▸▸ বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহ

সিরাজ সকালে বাসে চড়ে স্কুলে যাচ্ছিল। সে সিটে বসা ছিল। পথিমধ্যে একজন বৃদ্ধলোক বাসে ওঠেন। কিন্তু বাসে কোনো সিট খালি ছিল না। সিরাজ দাঁড়িয়ে বৃদ্ধ লোকটিকে তার সিটে বসতে দিল। বৃদ্ধ খুশি হয়ে সিরাজকে ধন্যবাদ জানালেন এবং স্নেহপূর্ণ নয়নে তাকালেন।

[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

ক. আদর্শ মানুষ কে? ১
খ. আখলাকে যামিমাহ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সিরাজের ও বৃদ্ধের কর্মকাণ্ডে কোন বিষয়টি ফুটে উঠেছে। ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কর্মকাণ্ডের মাধ্যমে সমাজে কী শান্তি প্রতিষ্ঠা সম্ভব? মতামত দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** তিনিই একজন আদর্শ মানুষ যিনি বড়দের শ্রদ্ধা ও ছোটদের স্নেহ করেন।

**খ** আখলাকে যামিমার অর্থ হলো অসদাচার বা নিন্দনীয় আচরণ। আখলাকে যামিমাহ বা নিন্দনীয় আচরণগুলো হলো মিথ্যা কথা বলা, পরনিন্দা করা, আমানতের খিয়ানত করা, গালি দেওয়া, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা ইত্যাদি।

**গ** উদ্দীপকের সিরাজের ও বৃদ্ধের কর্মকাণ্ডে বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহ প্রদর্শনের বিষয়টি ফুটে উঠেছে। উদ্দীপকে দেখা যায় যে, সিরাজ বাসের সিটে বসা থাকা অবস্থায় একজন বৃদ্ধ লোক বাসে উঠলে সিরাজ সিট থেকে উঠে বৃদ্ধকে বসতে দেয়। বৃদ্ধ খুশি হয়ে সিরাজকে ধন্যবাদ জানিয়ে স্নেহপূর্ণ নয়নে তাকায়। উপরিউক্ত আলোচনায় বলা যায় যে, সিরাজ ও বৃদ্ধের কর্মকাণ্ডে বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহ প্রদর্শনের বিষয়টি ফুটে উঠেছে।

**ঘ** সিরাজ ও বৃদ্ধের কর্মকাণ্ড তথা বড়দের প্রতি সম্মান ও ছোটদের প্রতি স্নেহ ও মমত্ব প্রদর্শনের মাধ্যমে সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব। আমি এ কথার সাথে একমত। সমাজে প্রকৃত মুসলমান হতে হলে অবশ্যই বড়দের শ্রদ্ধা প্রদর্শন করতে হবে। আর ছোটদের স্নেহ করতে হবে। এভাবে বড় ও ছোটদের মাঝে মধুর সম্পর্ক গড়ে ওঠে। শিশুরা অনুকরণপ্রিয়। বড়রা যেভাবে চলবে ছোট শিশু সেভাবে তাকে অনুসরণ করবে। বড়দের যেমন দায়িত্ব ছোটদের আদর, মায়া, মমতা দিয়ে গড়ে তোলা তেমনি ছোটদের কর্তব্য হলো বড়দের আদেশ-উপদেশ মেনে চলা। কাজেই বড়দের দায়িত্ব হলো ছোটদের কাজকর্ম শিখিয়ে দেওয়া। এভাবে উভয়ের সমন্বয়ে উন্নতি ও সফলতা অর্জন সম্ভব। উপরোক্ত আলোচনা হতে এটাই প্রতীয়মান হয় যে, ছোটদের স্নেহ ও বড়দের সম্মান প্রদর্শনের মাধ্যমে সমাজে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা সম্ভব। তাই বলা যায় যে, বড়দের প্রতি শ্রদ্ধা ও ছোটদের প্রতি স্নেহের মাধ্যমে সমাজে শান্তিপ্রতিষ্ঠা সম্ভব।

**প্রশ্ন- ৬** আখলাক

আঃ রহিম একজন সৎ ব্যবসায়ী। তার সংসারে অভাব অভিযোগ লেগেই থাকে। আঃ রহিমের স্ত্রী মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য দু'একটা মিথ্যা বলতে ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মিশাতে বলে। কিন্তু আঃ রহিম তাকে বুঝিয়ে বলে, মানুষকে ফাঁকি দেওয়া গেলেও আলরাহকে ফাঁকি দেওয়া যাবে না। [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ক. আখলাক কত প্রকার? ১
খ. মিথ্যা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন গুণের কারণে আঃ রহিম অসৎপথ অবলম্বন করতে রাজি হলো না? ব্যাখ্যা কর। ৩
ঘ. আঃ রহিমের স্ত্রীর মতামতকে তুমি কি সমর্থন কর? উত্তরের সপৰে মতামত দাও। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** আখলাক দুই প্রকার।

**খ** মিথ্যা একটি জঘন্যতম অপরাধ। এটি সকল পাপ কাজের মূল। মিথ্যা থেকে পাপ কাজের সূচনা হয়। প্রকৃত অবস্থা বা ঘটনাকে বিকৃত করে পরিবেশন করাকে মিথ্যাচার বলে। যে ব্যক্তি মিথ্যাকথা বলে বা প্রকৃত ঘটনার বিকৃতি ঘটায় তাকে মিথ্যাবাদী বলে।

**গ** উদ্দীপকে আখলাকে হামিদাহ নামক গুণের কারণে আঃ রহিম অসৎপথ অবলম্বন করতে রাজি হলো না। উদ্দীপক থেকে জানতে পাই যে, আঃ রহিমের সংসারে অভাব-অনটন লেগেই থাকে। এ কারণে তার স্ত্রী বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য দু'একটা মিথ্যা কথা বলতে, ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মিশাতে বলে। কিন্তু আঃ রহিম তাকে বুঝিয়ে বলে, মানুষকে ফাঁকি দেয়া গেলেও আলরাহকে ফাঁকি দেওয়া যাবে না। তার এ সৎ হওয়ার পিছনে মূল কারণ হলো আখলাকে হামিদা নামক গুণ। এ গুণ যে কারও মধ্যে থাকলে সে কোনো পাপ কাজে অংশগ্রহণ করতে পারবে না। যা আমরা উদ্দীপকের আঃ রহিমের চরিত্রে দেখতে পাই।

**ঘ** আঃ রহিমের স্ত্রীর মতামতকে আমি সমর্থন করি না। মিথ্যাচার, গিবত, পরনিন্দা, গালি দেওয়া ইত্যাদি আখলাকে যামিমাহ। পবিত্র কুরআনে আলরাহ বলেন, তোমরা সত্যের সাথে অসত্যের মিশ্রণ ঘটিও না এবং তোমরা জেনে শুনে সত্য গোপন কর না। মহানবি (স.) বলেছেন, কিয়ামতের দিন আলরাহর কাছে ওই ব্যক্তির সম্মান সবচেয়ে নিকৃষ্ট হবে যার অনিষ্টের ভয়ে লোকেরা তাকে পরিত্যাগ করে। আমাদের মহানবি (স.) কখনো মিথ্যা বলেননি। কাউকে গালি দেননি। ওয়াদা ভঙ্গ ও প্রতারণা করেননি। উদ্দীপকে দেখতে পাই যে, আঃ রহিমের স্ত্রী রহিমকে মিথ্যা বলতে, ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মিশাতে বলে। এ ধরনের কাজ আখলাকে যামিমার অন্তর্ভুক্ত। এ ধরনের বদ স্বভাব কারও মধ্যে থাকলে সে নিকৃষ্ট মানুষে পরিণত হয়। তার এ কাজকে আমি সমর্থন করি না।

**প্রশ্ন- ৭** গিবত বা পরনিন্দা ও গালি দেয়া

রাফি ও রাদ দুই বন্ধু। রাদ ক্লাসে অনেক দুষ্টুমি করে। রাফি যেদিন ক্লাসে না আসে সেদিন রাদ রাফির সমালোচনা করে। বিষয়টি রাফি জানতে পেরে রাদকে গালমন্দ করে। [ধানমন্ডি গভ: বয়েজ স্কুল]

ক. গালমন্দকারী পরস্পর কী? ১
খ. বুহতান বলতে কী বোঝায়? ২
গ. রাদের আচরণটি কীসের মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাফির আচরণের পরিণাম বিশেৱষণ কর। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** পরস্পর গালমন্দকারী উভয়েই শয়তান।

**খ** বুহতান বলতে বোঝায় কারো সম্পর্কে এমন বদনাম রটানো যা তার মধ্যে নেই। রাসুলুলরাহ (স.) বলেন, তুমি যা বল তা যদি তার মধ্যে থাকে তাহলেই গিবত হবে। আর যদি তার মধ্যে তা না থাকে, তবে তা হবে 'বুহতান' বা অপবাদ। (মুসলিম)

**গ** উদ্দীপকের রাদের আচরণটি গিবত বা পরনিন্দার মধ্যে পড়ে। কারও অগোচরে তার দোষত্রবটি অন্যের কাছে প্রকাশ করাকে গিবত বা পরনিন্দা বলে। গিবত একটি ঘৃণিত ও জঘন্য কাজ। গিবত করার মতো গিবত শোনাও পাপের কাজ। গিবত করাকে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সাথে তুলনা করা হয়েছে। উদ্দীপকে রাফি যেদিন ক্লাসে না আসে সেদিন রাদ রাফির সমালোচনা করে। উপরিউক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, রাদের কাজটি গিবত বা পরনিন্দার মধ্যে পড়ে।

**ঘ** উদ্দীপকের রাফির আচরণের পরিণাম অত্যন্ত ভয়াবহ। কাউকে মন্দ নামে ডাকা, মন্দ কথা বলা, তিরস্কার করা, অশালীন বা অশরীল কথা বলা হলো গালি দেওয়া। কারও সম্পর্কে এরূ প বাক্য ব্যবহার করা যাতে হীনতা

ও ঘৃণা প্রকাশ পায় তাও গালিস্বরূ প। কাউকে গালি দেওয়া বা মন্দ নামে ডাকা নিন্দনীয় কাজ। যে গালি দেয়, অশালীন কথা বলে, সে সমাজে ঘৃণিত। তাকে মানুষ পছন্দ করে না। সমাজে তার কোনো সমাদর থাকে না। তার সাথে কেউ বন্ধুত্বের সম্পর্ক স্থাপন করে না। পরকালেও তার আচরণের পরিণতি ভয়াবহ। আমরা দেখি রাফি রাদকে গালমন্দ করে। এমনকি অশ্ৰীল ভাষায় তাকে গালি দেয়। সুতরাং, রাফির কাজটির পরিণাম অত্যন্ত ভয়াবহ।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৮ ▸▸** পিতামাতার প্রতি কর্তব্য

আব্দুস সাত্তার শহরে চাকরি করে। তার পিতামাতা গ্রামে বাস করে। আব্দুস সাত্তার তার পিতামাতাকে খুব ভালোবাসে। প্রতিমাসে সে তার পিতামাতার জন্য টাকা পাঠায়, নিয়মিত খোঁজখবর নেয়। কারণ সে জানে রাসুল (স.) এর হাদিসে বলা হয়েছে, পিতার সন্তুষ্টিতে আলৱাহর সন্তুষ্টি।

ক. নেশাজাতীয় যেকোনো দ্রব্যকে কী বলে? ১

খ. আখলাক কাকে বলে? ২

গ. পিতার সন্তুষ্টিতে আলৱাহর সন্তুষ্টি–এ হাদিসটি আব্দুস সাত্তারের কথার ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. পিতামাতার সাথে কীরূ প ব্যবহার করতে হবে? উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** নেশাজাতীয় যেকোনো দ্রবকে বলে মাদক।

**খ** আখলাক আরবি শব্দ। এর অর্থ চরিত্র, স্বভাব, আচার-আচরণ, ব্যবহার ইত্যাদি। মানুষের দৈনন্দিন কাজকর্মের মাধ্যমে যেসব আচার-ব্যবহার, চালচলন এবং স্বভাবের প্রকাশ পায় সেসবের সমষ্টি হলো আখলাক।

***X-clusive লিংক** : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** পিতামাতার প্রতি কর্তব্য বর্ণনা কর।

**ঘ** পিতামাতার প্রতি সদ্ব্যবহারের গুরত্ব বিশেৱষণ কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আখলাকে হামিদাহ শব্দের অর্থ কী?**
**উত্তর :** আখলাকে হামিদাহ শব্দের অর্থ প্রশংসনীয় আচরণ।

**প্রশ্ন ॥ ২ ॥ কোন ব্যক্তি আল্লাহর নিকট প্রিয়?**
**উত্তর :** উত্তম চরিত্রবান ব্যক্তি আলাহর নিকট প্রিয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ সত্যবাদিতা কাকে বলে?**
**উত্তর :** বাস্তব বা প্রকৃত ঘটনা যথাযথ প্রকাশ করাকে সত্যবাদিতা বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পিতামাতা আমাদের কী কামনা করেন?**
**উত্তর :** পিতামাতা আমাদের সবসময় ভালো ও মঙ্গল কামনা করেন।

**প্রশ্ন ॥ ৫ ॥ প্রতিবেশীদের সম্পর্কে মহানবি (স.)–এর একটি মন্তব্য লেখ।**
**উত্তর :** মহানবি (স.) বলেছেন, সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার প্রতিবেশী তার অত্যাচার ও অন্যায় আচরণ হতে নিরাপদ নয়।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পিতামাতার সেবাযত্ন করা সম্পর্কে মহান আল্লাহ তায়ালা কী বলেছেন?**
**উত্তর :** আলৱাহ তা'য়ালা বলেন, "তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তাঁকে ছাড়া অন্য কারও ইবাদত করবে না এবং পিতামাতার সাথে সর্বোত্তম আচরণ করবে।" আলৱাহ অন্যত্র বলেন– 'যদি পিতামাতার একজন অথবা উভয়ে তোমার নিকট বার্ধক্যে উপনীত হন, তবে তাদের প্রতি তুমি বিরক্তিসূচক শব্দ 'উহ' উচ্চারণ কর না এবং তাদের ধমক দিও না। তাদের সাথে উত্তম সম্মানজনক ভাষায় কথা বলো।' (বনী ইসরাইল, আয়াত– ২৩)

**প্রশ্ন ॥ ২ ॥ প্রতিবেশীদের হক কী?**
**উত্তর :** প্রতিবেশীর হক হলো কেউ যদি রোগাক্রান্ত হয় তাহলে তার সেবা করা। সে মরে গেলে তার লাশের সঙ্গে কবরস্থানে গিয়ে দাফন করা। অর্থের অভাব হলে ঋণ দেওয়া, বস্ত্রের অভাব হলে বস্ত্র দেওয়া এবং কোনো বিপদে পড়লে সাহায্য করা ইত্যাদি।